নম্নু প্রপঞ্চস্য মিথ্যাত্বে অর্থক্রিয়াকারিত্বং ন স্যাৎ। তথাচ তদ্বন্ধ-নিবৃত্ত্যর্থং শাস্ত্রমনারম্ভ্যং স্যাদিত্যাশঙ্ক্যাহ রজ্জাবিতি। যথা রজ্জৌ ভুজঙ্গোবস্তুতো ন জায়তে অতএব নাশঞ্চ নৈতি। জাতস্য হি ধ্রুবোমৃত্যুঃ ইতি স্মৃতেঃ। অথাপি ভয়দঃ অর্থক্রিয়াকারীত্যর্থঃ। তথা ত্বন্মায়য়া কেবলং ত্বয়ি আত্তরূপং প্রাপ্তরূপং কল্পিতমিতি যাবৎ। সদসদ্বিলক্ষণস্বরূপ মিত্যর্থঃ। এবম্ভূতং জগদপি কার্য্যক্ষমং ভবতীত্যর্থঃ। প্রাতিভাসিকস্যাপি রজ্জুসর্পাদেরর্থক্রিয়াকারিত্বমস্তি কিমুত ব্যাবহারিকস্যেতি ভাবঃ। তস্মাত্তদুচ্ছেদায় শাস্ত্রমারম্ভ-ণীয়মেবেতি ভাবঃ॥ ২৮॥ নম্নু প্রপঞ্চস্য মিথ্যাত্বে তদধিষ্ঠানস্য মদ্বিগ্রহস্যাপি মিথ্যাত্বাপত্তৌ তত্র বিশ্বমধ্যস্তমিতি কথং ব্রুবে ব্যাঘাতাদিত্যাশঙ্ক্য ত্বদ্দেহেনোপলক্ষিতচিন্মাত্রাভিপ্রায়েণেদং ব্রুব ইত্যাহ বিচার্য্যমাণ ইতি। যদিদং তব শরীরং জগতামাধারভাব-মুপৈতি তদপ্যবিচাররমণীয়মেব। বিচার্য্যমাণে তু তচ্ছরীরং মমা-

---

নীলকণ্ঠ! যেমন রজ্জুতে সর্প উৎপন্ন হয় না, সুতরাং নষ্টও হয় না, অথচ ভ্রমকল্পিত সর্পই লোকের ভয়দ হইয়া থাকে, সেই প্রকার মায়া কল্পিত বিশ্বও তোমাতে ব্যবহার-যোগ্যতা প্রাপ্ত হইতেছে।২৮। হে দেব! তোমার শরীর যে জগতের আধার বলিয়া প্রতীত হয় এই বিষয়ে বিচার

তদপ্যবশ্যং মদবিদ্যয়ৈব
পূর্ণশ্চিদানন্দময়ো যতস্ত্বম্ ॥ ২৯ ॥
পূজেষ্টপূর্ত্তাদিবরক্রিয়াণাং
ভোক্তুঃ ফলং যচ্ছসি শস্তমেব।
মৃষৈতদেবং বচনং পুরারে।
ত্বত্তোঽস্তি ভিন্নং ন চ কিঞ্চিদেব ॥ ৩০ ॥

বিদ্যয়ৈব কল্পিতং যস্ত পূর্ণশ্চিদানন্দরূপ এব। তথাচেদং বিগ্রহাদিকমপ্যধ্যস্তমিতি ভাবঃ ॥ ২৯ ॥ নন্বেবং ব্রহ্মভিন্নস্য সর্ব্বস্যাপি মিথ্যাত্বে কর্ম্মকাণ্ডাদিশ্রুতিরপি মিথ্যার্থবোধিকা স্যাদিত্যাশঙ্ক্য-সমাধত্তে পূজেতি। পূজাদীনামিতি শেষঃ। ইষ্টং যাগঃ। পূর্ত্তং তড়াগারামাদি। তথা বরক্রিয়াণাং দানাধ্যয়নাদীনাং ফলং স্বর্গাদি তচ্চ ফলং ভোক্তুর্যজ্ঞাদেস্ত্বং যচ্ছসি। ফলমত উপপত্তেঃ ইতি ন্যায়াৎ। অয়ং ভাবঃ। যাবদবিদ্যং ভেদবাসনাবাসিতানাং কর্ম্ম-কাণ্ডাদিশ্রুতিপ্রতিপাদিতং সর্ব্বং শস্তমেব প্রমাণমেবেত্যর্থঃ। মহতা পুণ্যোদয়েনোৎপন্নব্রহ্মসাক্ষাৎকারস্য হে পুরারে কিঞ্চিদেব কিমপি প্রপঞ্চজাতং ত্বত্তোভিন্নং নাস্তীতি পশ্যত স্তত্ত্বজ্ঞানবতোদৃষ্ট্যা এতৎপূর্ব্বার্দ্ধপ্রতিপাদিতার্থকং। এবং তজ্জাতীয়মন্যচ্চ বচনং মৃষেত্যন্বয়ঃ। তথাচ শ্রুতিঃ। কিমর্থা বয়মধেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে ইতি। স্মৃতিশ্চ। নৈব তস্য কৃতে নার্থো নাকৃতে-

---

করিলে অবিদ্যাই ইহার কারণ বলিয়া মনে হয়, কারণ তুমি পূর্ণ ও চিদানন্দ-ময় পুরুষ, তোমার শরীর সম্বন্ধ কদাচ সম্ভব হইতে পারে না। ২৯। হে পুরারে! তুমি যজমান সম্বন্ধে পূজা, তড়াগারামাদি প্রতিষ্ঠা এবং দানাদি-জনিত সমস্তফল প্রদান করিয়া থাক, এই বাক্য অলীক, কারণ ব্রহ্মাণে

অজ্ঞানমূঢ়ামুনয়ো বদন্তি
পূজোপচারাদিবহিঃক্রিয়াভিঃ।
তোষং গিরীশো ভজতীতি মিথ্যা
কুতস্ত্বমূর্ত্তস্য তু ভোগলিপ্সা ॥ ৩১ ॥
কিঞ্চিদ্দলং বা চুলকোদকং বা
যত্ত্বং মহেশ! প্রতিগৃহ্য দৎসে।
ত্রৈলোক্যলক্ষ্মীমপি তজ্জনেভ্যঃ
সর্ব্বং ত্ববিদ্যাকৃতমেব মন্যে ॥ ৩২ ॥

নেহ কশ্চন। ইতি। ন নিরোধোনচোৎপত্তির্ন বদ্ধো নচ সাধকঃ। ন মুমুক্ষুর্ন বৈ মুক্ত ইত্যেষা পরমার্থতা। ইতি শ্রুত্যন্তরাচ্চ ॥৩০॥ অবিদ্যাবদ্বিষয়কানি শাস্ত্রাণীত্যাহ অজ্ঞানেতি। অজ্ঞানেন মূঢ়াশ্চ তে অমননশীলাশ্চ তে চ তথোক্তাঃ পুরুষাঃ পূজাদিভির্ব্বহিঃ-ক্রিয়াভি গিরীশস্তোষং ভজতীতি বদন্তি। অবিদ্যাদশামাশ্রিত্য প্রতিপাদয়ন্তীত্যর্থঃ। তচ্চ জ্ঞানদৃষ্ট্যা মিথ্যা তোষস্য মায়াবৃত্তিরূপত্বাৎ। অমূর্ত্তস্য পূর্ণস্যানন্দরূপস্য ভোগানাং লিপ্সা কুতঃ কস্মাদপি হেতোর্নৈবেতি ভাবঃ। অজ্ঞৈস্তু যথোক্তং সর্ব্বং কার্য্যমেব। ধর্ম্মেণ পাপমপনুদতি ইত্যাদি শ্রুতেঃ। ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোহশ্নুতে ইত্যাদিস্মৃতেশ্চ ॥৩১॥ অস্যৈব প্রপঞ্চঃ কিঞ্চিদিতি।

তোমাভিন্ন আর কিছুই উপলভ্যমান হয় না।৩০। অজ্ঞানমূঢ় অমননশীলব্যক্তিই বলিয়া থাকেন, যে মহেশ্বর,পূজা উপচারাদি বহিঃক্রিয়া দ্বারা পরিতুষ্ট হয়েন, কিন্তু সেই সমস্ত বাক্যই মিথ্যা, কারণ তুমি অমূর্ত্ত, তোমার ভোগ লিপ্সা কি প্রকারে হইতে পারে?।৩১। হে মহেশ! যে ব্যক্তি কতিপয় বিল্ব-

ব্যাপ্নোষি সর্ব্বা বিদিশো দিশশ্চ
ত্বং বিশ্বমেকঃ পুরুষঃ পুরাণঃ।
নষ্টেঽপি তস্মিংস্তব নাস্তি হানি-
র্ঘটে বিনষ্টে নভসো যথৈব॥ ৩৩ ॥

দলং তুলসীবিল্বাদিপত্রং চুলকপরিমিত মুদকং বা যস্ত্বং প্রতিগৃহ্ন ভক্তজনাদিতি শেষঃ। ত্রৈলোক্যলক্ষ্মীং যজ্জনেভ্যঃ দৎসে তৎসর্ব্বং অবিদ্যাকৃতমেব মিথ্যৈবেতি মন্যে নিশ্চিনোমি। দাতৃসম্প্রদান-দেয়াদীনামাবিদ্যকত্বাদিতি ভাবঃ॥ ৩২॥ ব্যাপ্নোষীতি। একঃ সজাতীয়বিজাতীয়স্বগতভেদশূন্যঃ পুরুষঃ। সর্ব্বস্মাৎ কার্য্যাৎ পূর্ব্বমেব বিদ্যমানঃ পূর্ব্বমেবাহমিহাসমিতি তৎপুরুষস্য পুরুষত্বং ইতি শ্রুতেঃ। ত্বং বিশ্বং ব্যাপ্নোষি অধিষ্ঠানত্বেন তাদাত্ম্যাপন্নঃ সন্নণুগচ্ছসি। তস্মিন্ বিশ্বস্মিন্ নষ্টেঽপি তব হানির্নাস্তি অত্র দৃষ্টান্তঃ। ঘটে বিনষ্টে যথৈব নভসো হানির্নাস্তি রজতাদি-বাধেঽপি শুক্ত্যাদ্যবস্থানদর্শনাৎ। তস্মাত্ত্বমেব সাক্ষাৎ করণীয়ঃ কিং বিষয়মৃগতৃষ্ণিকয়েতি ভাবঃ॥৩৩॥ ননূক্তরীত্যা বিয়দাদের্মিথ্যাত্বে

দল বা গণ্ডূষমাত্র জলদ্বারা তোমার পূজা করে, তুমি তাহার সম্বন্ধে ত্রৈলোক্যশ্রী প্রদান কর, এই সমস্ত বাক্যই অবিদ্যাকৃত বলিয়া মনে করি*। ৩২। হে দেব! তুমি সমস্ত দিক্ ও বিদিক্ পরিব্যাপ্ত করিয়া অবস্থিতি করিতেছ, তুমি পুরাতন পুরুষ, তুমিই এই বিশ্বস্বরূপ পদার্থ, অথচ

---

* এই পর্য্যন্ত যে সমস্ত উপদেশ করা হইল, ইহা তত্ত্বজ্ঞানীর পক্ষে অর্থাৎ যিনি ব্রহ্ম সাক্ষাৎকার করিয়া অনন্ত ব্রহ্মাণ্ডই তন্ময় দেখিতেছেন, তাঁহার পক্ষে, কিন্তু অজ্ঞানীর সম্বন্ধে কর্ম্মকাণ্ডাদি সমস্তই সত্য, ইহাই শাস্ত্রের রচনা। এ বিষয় যথাস্থানে টীকাকার ও প্রমাণাদি সহ দেখাইয়াছেন।

যথৈকমাকাশগমর্কবিম্বং
ক্ষুদ্রেষু পাত্রেষু জলান্বিতেষু।
ভজত্যনেকপ্রতিবিম্বভাবং
তথা ত্বমন্তঃকরণেষু দেব! ॥ ৩৪
সুসর্জ্জনে বাপ্যবনে বিনাশে
বিশ্বস্য কিঞ্চিত্তব নাস্তি কার্য্যম্।
অনাদিভির্দেহভৃতামদৃষ্টৈ
স্তথাপি তৎ স্বপ্নবদাতনোষি ॥ ৩৫।

জীবানাং বহুত্বাদদ্বৈত-ক্ষতিঃ স্যাদেব। নহি বিয়দাদিবজ্জীবোঽপি মিথ্যেতি যুক্তং বন্ধমোক্ষয়োর্বৈয়ধিকরণ্যাপত্তেরিত্যাশঙ্ক্যাহ যথেতি। হে দেব! যথাকাশগমেকমেবার্কবিম্বং ক্ষুদ্রেষু জলান্বিতেষু পাত্রেষ্বনেকপ্রতিবিম্বভাবং ভজতি তথা ত্বমন্তঃকরণেষ্বনেকপ্রতিবিম্বভাবং ভজসি। তথাচ শ্রুতিঃ। যথা হ্যয়ং জ্যোতিরাত্মা বিবস্বানপোভিন্না বহুধৈকোঽনুগচ্ছন্। উপাধিনা ক্রিয়তে ভেদরূপোদেবঃ ক্ষেত্রেষ্বেবমজোঽয়মাত্মা। ইতি। তথাচোপাধীনাং মিথ্যাত্বেঽপি নোপহিতস্য মিথ্যাত্বমতোন বন্ধমোক্ষয়োর্বৈয়ধিকরণ্যং। ঔপাধিকভেদস্য মিথ্যাত্বান্ন দ্বৈতভঙ্গ ইতি ভাবঃ॥ ৩৪॥ নন্বেবং পরমার্থতো

আকাশাধার ঘট বিনষ্ট হইলে যেমন আকাশের বিনাশ হয় না, তেমন এই জগৎ বিনষ্ট হইলেও তোমার বিনাশ হয় না। ৩৩। হে দেব! গগনমণ্ডলস্থ এক সূর্য্যবিম্ব যেরূপ ক্ষুদ্র ক্ষুদ্র জলপাত্রে প্রতিবিম্বিত হইয়া অনেক বলিয়া প্রতীত হয়, সেইরূপ একমাত্র তুমিই নানা অন্তঃকরণে নানারূপে প্রতীয়মান হইয়া থাক। ৩৪। বিশ্বের সৃষ্টি, স্থিতি বা বিনাশ বিষয়ে তোমার কিছুমাত্র

স্থূলস্য সূক্ষ্মস্য জড়স্য দেহ-
দ্বয়স্য শম্ভো। ন চিত্বং বিনাস্তি।
অতস্ত্বদারোপণমাতনোতি
শ্রুতিঃ পুরারে। সুখদুঃখয়োঃ সদা॥ ৩৬॥

জীবব্রহ্মণোরবিশেষে জীববদীশ্বরোঽপি সংসারী কিং ন স্যাদিত্যা-শঙ্ক্যাহ ত্বসর্জ্জন ইতি। বিরঞ্চ স্বষ্ট্যাদিষু সৎস্থ তৎপ্রযুক্তং কার্য্যং তব কিমপি নাস্তি পূর্ণকামত্বাৎ। তথাপি অনাদিভিঃ প্রবাহরূপৈর্দেহরূপৈ র্দেহভৃতাং জীবানামদৃষ্টৈঃ সহকারিভূতৈঃ স্বপ্নবৎ স্বর্গাদীনাতনোষি। তথা তচ্চ জীবেশয়োর্বিম্বপ্রতিবিম্বভাবকৃতো বিশেষ ইতি ভাবঃ॥৩৫॥ তদেবমীশ্বরস্য নিরাবরণং প্রতিপাদ্য জীবস্য সাবরণত্বং প্রতিপাদয়তি স্থূলেতি। স্থূলস্য পঞ্চীকৃতমহাভূত-কার্য্যস্য সূক্ষ্মস্যাপঞ্চীকৃতমহাভূতকার্য্যস্য লিঙ্গাখ্যস্য চ দেহস্য অং বিনা অতস্তীত্যঃ আত্মা অত সাতত্যগমনে তং বিনা চিৎ চেতনত্বং নাস্তি। কিন্তুতস্য দেহদ্বয়স্য জড়স্য কাষ্ঠরূপস্যেত্যর্থঃ। সা চিৎ যদি দেহদ্বয়স্য পরিণামভূতা স্যাত্তর্হি জড়ঃ স্যাৎ। যস্মা চিত্তাদাত্ম্যাপন্নত্বেন দেহদ্বয়স্য চিত্বং অতঃ কারণাৎ দেহদ্বয়জন্যয়োঃ সুখদুঃখয়োঃ শ্রুতি-স্ত্বদারোপণং ত্বয়ি প্রতিবিম্বভূতে আরোপণ মাতনোতি প্রতি-পাদয়তীত্যর্থঃ। অয়োযোগাদগ্নেস্তাড়নাদিবৎ। বহ্নিযোগাদয়সোদ-গ্ধৃত্বাদিবৎ। তথাচ শ্রুতিঃ। দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যো অভিচাকশীতি। ইত্যাদিঃ। কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাদিত্যধিকরণ মপীত্যনুসন্ধেয়ং॥ ৩৬॥

কর্তৃত্ব নাই, তথাপি প্রাণীর অনাদি অদৃষ্টদ্বারা স্বপ্নবৎ তুমি এই জগৎ বিস্তার করিতেছ, ফল পক্ষে অদৃষ্টই ইহার কারণ। ৩৫। হে পুরারে! এই স্থূল ও

নমঃ সচ্চিদম্ভোধিহংসায় তুভ্যং
নমঃ কালকণ্ঠায় কালাত্মকায়।
নমস্তে সমস্তাঘসংহারকর্ত্রে
নমস্তে মৃষাচিত্তবৃত্ত্যেকভোক্ত্রে ॥৩৭॥

সূত উবাচ।

এবং প্রণম্য বিশ্বেশং পুরতঃ প্রাঞ্জলিঃ স্থিতঃ।
বিস্মিতঃ পরমেশানং জগদে রঘুনন্দনঃ॥ ৩৮ ॥

এবমীশ্বরসন্নিধিবশাদধিগতপরমার্থোঽপি পুনর্ব্বাধিতানুবৃত্ত্যনুবৃত্তয়া ভক্ত্যা লীলাবিগ্রহায় ভগবতে নমস্কুর্ব্বন্ প্রার্থয়তে নম ইতি। সচ্চিদম্ভোধৌ হংস ইব তস্মৈ। কর্পূরগৌরতয়া হংসত্বেনোৎপ্রেক্ষা। মৃষাভূতানাং চিত্তবৃত্তীনাং একভোক্ত্রে, মুখ্যসাক্ষিণে ইত্যর্থঃ॥ ৩৭ ॥ এবমিতি। বিস্মিতঃ অদৃষ্টপূর্ব্বত্বাৎ॥ ৩৮ ॥ উপসংহরেতি। ৩৯। পশ্যেতি পূর্ব্বার্দ্ধে ভগবদ্বাক্যং উত্তরার্দ্ধমারভ্য সূতবাক্যং।

সূক্ষ্মদেহ জড়পিণ্ড, আত্মাভিন্ন ইহাদের চেতনতা হইতে পারে না, অতএবই শ্রুতি তোমাতে দেহদ্বয় জন্য সুখ দুঃখের আরোপ করিয়া থাকেন, তুমি ভিন্ন দেহকৃত সুখ দুঃখাদির প্রকাশ হইতে পারে না। ৩৬। হে দেব! তুমি সচ্চিৎ-সাগরের হংসস্বরূপ, তোমাকে নমস্কার, তুমি নীলকণ্ঠ, তোমাকে নমস্কার, তুমি কালাত্মক, তোমাকে নমস্কার, তুমি সমস্ত পাপহর্ত্তা তোমাকে নমস্কার, তুমি মিথ্যাময় চিত্ত বৃত্তির একমাত্র ভোক্তা, তোমাকে নমস্কার।৩৭।

সূত বলিলেন, রঘুনন্দন এই প্রকারে বিশ্বেশ্বরকে প্রণাম করতঃ পুরোভাগে কৃতাঞ্জলি পুটে দণ্ডায়মান হইয়া বিস্মিত ভাবে পুনরায় বলিতে লাগিলেন। ৩৮। (রাম বলিলেন) হে বিশ্বাত্মন্! তোমার এই বিরাট্ রূপ উপ-

উপসংহর বিশ্বাত্মন্! বিশ্বরূপমিদং তব।
প্রতীতং জগদৈকাত্ম্যং শম্ভো! ভবদনুগ্রহাৎ ॥৩৯॥

শ্রীভগবানুবাচ।

পশ্য রাম মহাবাহো! মত্তো নান্যোঽস্তি কশ্চন।

সূত উবাচ।

ইত্যুক্ত্বোপসংজহ্রে স্বদেহে দেবতাদিকান্ ॥৪০॥
মীলিতাক্ষঃ পুনর্হর্ষাদ্যাবদ্রামঃ প্রপশ্যতি।
তাবদেব গিরেঃ শৃঙ্গে ব্যাঘ্রচর্ম্মোপরি স্থিতম্ ॥৪১॥
দদর্শ পঞ্চবদনং নীলকণ্ঠং ত্রিলোচনম্।
ব্যাঘ্রচর্ম্মাম্বরধরং ভূতিভূষিতবিগ্রহম্ ॥ ৪২ ॥

অতোনান্যোঽস্তি কশ্চন জগদাশ্রয় ইত্যর্থঃ ॥ ৪০ ॥ মীলিতাক্ষ ইতি। লীলাবিগ্রহস্য মায়িকত্বং ক্রিয়াতঃ প্রদর্শয়িতুং রূপান্তরং স্থানান্তরমাবিষ্কৃত্য স্থিতমিতি ভাবঃ ॥ ৪১ ॥ দদর্শেতি। ব্যাঘ্র-

সংহার কর, হে শম্ভো। তোমার অনুগ্রহে আমি তোমার জগদাত্মতা অনুভব করিয়াছি। ৩৯। ভগবান্ বলিলেন, হে মহাবাহো রাম! এই দেখ, আমা হইতে অতিরিক্ত আর কোনই পদার্থ নাই। সূত বলিলেন, মহাদেব এই কথা বলিয়াই নিজ দেহে সমস্ত দেবতাদি পদার্থ বিলীন করিলেন, তখন পুনরায় দাশরথি বিকাশিত নেত্রে দৃষ্টিপাত করিয়া দেখিতে পাইলেন যে, ত্রিলোচন, পঞ্চানন, নীলকণ্ঠ শিব ব্যাঘ্রচর্ম্মোপরি সমাসীন রহিয়াছেন। তাঁহার পরিধেয় ব্যাঘ্রচর্ম্ম, সর্ব্বাঙ্গ বিভূতিদ্বারা ভূষিত, হস্ত ফণিরূপ কঙ্কণে সমলঙ্কৃত এবং তিনি নাগযজ্ঞোপবীতধারী। তাঁহার উত্তরীয় ব্যাঘ্রচর্ম্ম,

ফণিকঙ্কণভূষাঢ্যং নাগযজ্ঞোপবীতিনম্ ।
ব্যাঘ্রচর্ম্মোত্তরীয়ঞ্চ বিদ্যুৎপিঙ্গজটাধরম্ ॥ ৪৩ ॥
একাকিনং চন্দ্রমৌলিং বরেণ্যমভয়প্রদম্ ।
চতুর্ভুজং খণ্ডপরশুং মৃগহস্তং জগৎপতিম্ ॥ ৪৪ ॥
অথাজ্ঞয়া পুরস্তস্য প্রণম্যোপবিবেশ সঃ ।
অথাহ রামং দেবেশো যদ্যৎ প্রষ্টুমভীচ্ছসি ।
তৎ সর্ব্বং পৃচ্ছ রাম ! ত্বং মত্তো নান্যোঽস্তি তে
গুরুঃ ॥ ৪৫ ॥

ইতি শ্রীপদ্মপুরাণে উপরিভাগে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শিবরাঘবসংবাদে বিশ্বরূপদর্শনং নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥৭॥

চর্ম্মৈবাম্বরং তস্য ধরং । ভূতির্ভস্ম ঐশ্বর্য্যং বা ॥ ৪২ ॥ ৪৩ ॥ একাকিনমিতি । মৃগোহস্তে যস্য তং । খট্বাদেঃ পরা সপ্তমীতি সাধুঃ ॥ ৪৪ ॥ অথেতি । গৌতমীতীরস্থং স্ববিগ্রহাদিকমুপসংহৃত্য রামং গিরিশিখরস্থং জ্ঞাত্বেত্যর্থঃ ॥ ৪৫ ॥

ইতি বালানন্দিনী টীকায়াং সপ্তমোঽধ্যায়ঃ ॥

এবং জটা বিদ্যুতের ন্যায় পিঙ্গল বর্ণ । ৪০—৪৩ । ইনি একাকী, চন্দ্রমৌলি, বর ও অভয়দাতা, চতুর্ভুজ, খণ্ড পরশু, মৃগহস্ত, এবং ইনি জগৎপতি । এতাদৃশ মহেশ্বরকে রাম দর্শন করতঃ প্রণাম করিলেন, অনন্তর তাঁহার আদেশে তাঁহারই পুরোভাগে উপবেশন করিলেন । অতঃপর দেবেশ শম্ভু রামকে বলিলেন,—হে রাম ! তুমি যাহা কিছু প্রশ্ন করিতে ইচ্ছা কর, তৎসমস্তই আমাকে জিজ্ঞাসা করিতে পার । আমি ব্যতীত অন্য আর কেহই তোমার গুরু নাই । ৪৪—৪৫ ।

ইতি শিবগীতায় সপ্তম অধ্যায় সমাপ্ত ।

অষ্টমোঽধ্যায়ঃ।

শ্রীরাম উবাচ।

পাঞ্চভৌতিকদেহস্য চোৎপত্তির্বিলয়ঃ স্থিতিঃ।
স্বরূপঞ্চ কথং দেহে ভগবন্! বক্তুমর্হসি॥ ১॥

শ্রীভগবানুবাচ।

পঞ্চভূতৈঃ সমারব্ধো দেহোঽয়ং পাঞ্চভৌতিকঃ।
তত্র প্রধানং পৃথিবী শেষাণাং সহকারিতা॥২॥

পূর্ব্বাধ্যায়ান্তে শম্ভুনোক্তে যদ্যৎ প্রষ্টুমভীচ্ছসি তৎসর্ব্বং পৃচ্ছ রাম! ত্বমিতি তদেবোপজীব্য স্বয়মধিগততত্ত্বোঽপি লোকানুগ্রহার্থং বিরক্তিসাধনং দেহাদিনিঃসারত্বং শিবমুখেনৈব প্রকটয়িতুং রামঃ পৃচ্ছতি পাঞ্চভৌতিকেতি। দেহে লিঙ্গশরীরে পাঞ্চভৌতিকদেহস্য স্থূলস্য উৎপত্ত্যাদিকং কথং কেন প্রকারেণ ইদং বক্তুমর্হসীত্যন্বয়ঃ ॥১॥ পঞ্চভূতৈরিতি। অয়মপরোক্ষঃ প্রাণিনাং দেহঃ পাঞ্চভৌতিকঃ পঞ্চভূতানাং পরিণামঃ। যতঃ পঞ্চভূতৈরারব্ধঃ তত্র তস্মিন্ দেহে পৃথিবী প্রধানং মুখ্যেত্যর্থঃ। বৈশেষ্যাৎ তদ্বাদ ইতি ন্যায়াৎ। এবমাপ্যে দেহাদৌ দ্রষ্টব্যং। শেষা ইত্যর্থঃ। তদংশানামল্পীয়স্ত্বাৎ সহকারিত্বমুক্তং ॥ ২ ॥ উদ্ভিনত্তি ভূমিমিত্যুদ্ভিদঃ। ইগুপধ-

শ্রীরাম জিজ্ঞাসা করিলেন,—হে ভগবন্! সূক্ষ্মদেহে অর্থাৎ লিঙ্গদেহে এই পাঞ্চভৌতিক দেহের উৎপত্তি, স্থিতি ও লয় কেমন করিয়া হইতে পারে? তাহা আপনি বলুন। ১। ভগবান্ বলিলেন, এই দেহ ক্ষিত্যাদি পঞ্চ ভূতেরই পরিণাম বিশেষ, এই নিমিত্ত এই দেহকে পাঞ্চভৌতিক বলে।

জরায়ুজোঽণ্ডজশ্চৈব স্বেদজশ্চোদ্ভিদস্তথা।
এবং চতুর্ব্বিধঃ প্রোক্তো দেহোঽয়ং পাঞ্চ-
ভৌতিকঃ ॥৩॥
মানসস্তু পরঃ প্রোক্তো দেবানামেব স স্মৃতঃ।
তত্র বক্ষ্যে প্রথমতঃ প্রধানত্বাজ্জরায়ুজম্ ॥ ৪ ॥
শুক্রশোণিতসম্ভূত বৃত্তিরেব জরায়ুজঃ।
স্ত্রীণাং গর্ভাশয়ে শুক্রমৃতুকালে বিশেদ্‌যদা।
রজসা যোষিতো যুক্তং তদেব স্যাজ্জরায়ুজম্ ॥৫॥

লক্ষণঃ ক প্রত্যয়ঃ ॥৩॥ প্রধানত্বাদিতি। জরায়ুজং মনুষ্যদেহং পুরুষার্থসাধনত্বেন মুখ্যত্বাদিতি ভাবঃ ॥ ৪ ॥ শুক্রেতি। শুক্রশোণিতাভ্যাং সম্ভূতা জাতা বৃত্তিরুৎপত্তির্যস্য স তথা। এবম্ভূত এব জরায়ুজোনতু তন্নিরপেক্ষোৎপত্তিক ইত্যর্থঃ। পূর্ব্বশ্লোকস্যৈব শেষভূতমর্দ্ধমিদং ॥৫॥ স্ত্রীণামিতি। গর্ভ আশেতেঽস্মিন্নিতি গর্ভাশয়ঃ

পঞ্চভূতের মধ্যে পৃথিবীই সর্ব্বাপেক্ষা প্রধান, অন্যভূত চতুষ্টয় সহকারী ভাবে থাকে। ২। পাঞ্চভৌতিক দেহ চতুর্ব্বিধ,—জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ। ৩। এতদ্ব্যতীত আরো এক প্রকার শ্রেষ্ঠ দেহ আছে, তাহাকে দেবদেহ বলে। এই পঞ্চ প্রকার দেহের মধ্যে প্রথমতঃ প্রধানভূত জরায়ুজ দেহের বিষয় বলিতেছি। ৪। জরায়ুজ দেহ শুক্র ও শোণিত হইতে সংভূত হয়। ঋতুকালে স্ত্রীর গর্ভাশয়ে (জরায়ুতে) শুক্র প্রবেশ করে, তৎপর উহা স্ত্রীর রজোদ্বারা সমাযুক্ত হইয়া প্রাণীর উৎপত্তি হয়। জরায়ু হইতে উৎপত্তি হয় এই নিমিত্ত উহাকে জরায়ুজ বলে। ৫। যদি শোণিতের আধিক্য হয় তবে স্ত্রী, শুক্রের আধিক্যে পুরুষ এবং শুক্র ও শোণিতের সমানতা হইলে

বাহুল্যাদ্রজসঃ স্ত্রী স্যাচ্ছুক্রাধিক্যে পুমান্ ভবেৎ।
শুক্রশোণিতয়োঃ সাম্যে জায়তেঽথ নপুংসকঃ ॥৬॥
ঋতুস্নাতা ভবেন্নারী চতুর্থদিবসে ততঃ।
ঋতুকালস্তু নির্দ্দিষ্ট আষোড়শদিনাবধি ॥ ৭ ॥
তত্রাযুগ্মদিনে স্ত্রী স্যাৎ পুমান্ যুগ্মদিনে ভবেৎ ॥৮॥

পেশী সৈব জরায়ুশব্দবাচ্যা। গর্ভাশয়ো জরায়ুঃ স্যাদিত্যমরঃ। তস্মিন্ গর্ভাশয়ে শুক্রং ঋতু কালে বিশেত্তদা যোষিতঃ স্ত্রিয়া রজসা শোণিতেন যুক্তং তদেব শুক্রং জরায়ুজং স্যাৎ ॥৫॥ শুক্রশোণিতয়োরন্যতরাধিক্যে সতি জায়মানং ভেদবিশেষ মাহ বাহুল্যাদিতি। ন ভ্রান্নপান্নবেদানাসত্যেতি নিপাতনান্নপুংসকশব্দঃ সাধুঃ ॥ ৬ ॥ ঋতুস্নাতেতি। ষোড়শদিনরূপমবধি মভিব্যাপ্যেত্যর্থঃ। তথা চ রজোদর্শনাদারভ্যাষোড়শদিনং ঋতুকাল ইতি ফলিতার্থঃ। এবং স্থিতে চতুর্থদিবসে নারী ঋতুস্নাতা ভবেৎ॥ ৭ ॥ ততঃ পঞ্চমদিনমারভ্যাযুগ্মাসু পঞ্চমসপ্তমাদিষু রাত্রিষু ভর্ত্তৃসংযোগে স্ত্রী স্যাৎ। যুগ্মাসু রাত্রিষু পুমান্ স্যাৎ। অযুগ্মাসু রাত্রিষ্বপি শুক্রবাহুল্যে পুমান্ স্যাৎকিন্তু স্ত্র্যাকৃতিঃ। তথা যুগ্মাসু রাত্রিষু শোণিতাতিরেকে স্ত্রীস্যাৎ কিন্তু পুরুষাকৃতিরিত্যবিরোধো দ্রষ্টব্যঃ। চতুর্থরাত্রৌ গমনং বৈকল্পিকং। অপ্রমাণোপন্যাসস্তু দীক্ষিতকৃতটীকায়াং দ্রষ্টব্য ইতি দিক্ ॥ ৮ ॥ ষোড়শ ইতি। অত্র সর্ব্বত্র দিবসশব্দোরাত্র্যুপলক্ষকঃ।

নপুংসকের উৎপত্তি হইয়া থাকে। ৬। ঋতুর প্রথম দিন হইতে ষোল দিন পর্য্যন্তই ঋতু কাল নির্দ্দিষ্ট আছে, তন্মধ্যে প্রথম দিন হইতে চতুর্থ দিনে স্ত্রী ঋতু স্নান করে। ৭। এই ঋতুকালের অযুগ্ম দিনে যদি গর্ভসঞ্চার হয়

ষোড়শে দিবসে গর্ভো জায়তে যদি শুক্রবঃ।
চক্রবর্ত্তী তদা রাজা জায়তে স ন সংশয়ঃ ॥৯॥
ঋতুস্নাতা যস্য পুংসঃ সাকাঙ্ক্ষং মুখমীক্ষতে।
তদাকৃতির্ভবেদ্গর্ভস্তৎ পশ্যেৎ স্বামিনো মুখং ॥১০॥
যা স্ত্রীচর্ম্মাবৃত্তিঃ সূক্ষ্মা জরায়ুঃ সা নিগদ্যতে।
শুক্রশোণিতয়োর্যোগস্তস্মিন্নেব ভবেদ্যতঃ।
তত্র গর্ভো ভবেদ্যস্মাত্তেন প্রোক্তো জরায়ুজঃ॥১১॥

চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ। ব্রাহ্মণশ্চেজ্জ্ঞানপারগঃ স্যাৎ॥ ৯ ॥ ঋতু-স্নাতেতি। তত্তস্মাৎ কারণাৎ স্বামিনোভর্ত্তুঃ। অত্র লিঙ্গপুরাণ-সংগ্রহঃ। চতুর্থ্যাং রাত্রৌ। বিদ্যাহীনংব্রতভ্রষ্টং পতিতং পারদারিকং। দারিদ্র্যার্ণবমগ্নঞ্চ তনয়ং সা প্রসূয়তে। পঞ্চম্যামুত্তমাং কন্যাং ষষ্ঠ্যাং সৎপুত্রং সপ্তম্যাং কন্যাং অষ্টম্যাং সম্পন্নং পুত্রং ইত্যাদিফলানি বর্ণিতানি। ত্রয়োদশ্যাং ব্যভিচারিণীং কন্যাং চতুর্দশ্যাং সৎপুত্রং পঞ্চদশ্যাং ধর্ম্মজ্ঞাং কন্যাং ষোড়শ্যাং জ্ঞানপারগং পুত্রং প্রসূয়তে ইত্যাদি ফলং জ্ঞেয়মিতি দিক্॥ ১০ ॥ যা স্ত্রীতি। স্ত্রিয়াশ্চর্ম্মরূপা আবৃত্তিঃ পেশীতি যাবৎ সা জরায়ুরিতি গদ্যতে। জরায়ুঃ সেতি

তবে স্ত্রীদেহের উৎপত্তি হইয়া থাকে এবং যুগ্মদিনে পুরুষ দেহের উৎপত্তি হয়। ৮। আর যদি ষোড়শ দিবসে গর্ভসঞ্চার হয়, তবে সেই গর্ভ চক্রবর্ত্তী রাজা হইয়া থাকে, ইহাতে সন্দেহ নাই। ৯। রমণী ঋতুস্নান পূর্ব্বক সকামা হইয়া যে পুরুষের মুখাবলোকন করিবে, সন্তান সেই পুরুষের আকৃতিবিশিষ্ট হইবে, অতএব ঋতুস্নানের পর প্রথমতঃ স্বামি-মুখ নিরীক্ষণ করাই কর্ত্তব্য। ১০। স্ত্রীর উদরাভ্যন্তরে যে সূক্ষ্ম চর্ম্মের আবৃত্তি অর্থাৎ পেশী আছে, তাহাকে

অণ্ডজাঃ পক্ষিসর্পাদ্যাঃ স্বেদজা মশকাদয়ঃ।
উদ্ভিজ্জাবৃক্ষগুল্মাদ্যা মানসাশ্চ সুরর্ষয়ঃ ॥ ১২ ॥
জন্মকর্ম্মবশাদেব নিষিক্তং স্মরমন্দিরে।
শুক্রং রজঃসমাযুক্তং প্রথমে মাসি তদ্দ্রবম্ ॥ ১৩॥
বুদ্বুদং কললং তস্মাত্ততঃ পেশী ভবেদিদম্।
পেশীঘনং দ্বিতীয়ে তু মাসি পিণ্ডঃ প্রজায়তে॥১৪॥

স্ত্রীলিঙ্গমার্ষং। যস্মাৎ কারণাৎ। তেন কারণেন জরায়ুজঃ প্রোক্তঃ কবিভিরিতি শেষঃ ॥ ১১ ॥ অণ্ডজা ইতি। মনসোজাতা মানসাঃ। যোগসামর্থ্যমেব তত্র কারণমিতি ভাবঃ ॥ ১২ ॥ অথ পিণ্ডোৎপত্তিক্রমমাহ জন্মকর্ম্মেতি। ভাবিজন্মনঃ কারণং যৎকর্ম্ম তদ্বশাদেবেতি সম্বন্ধঃ। স্ত্রীযোনৌ নিষিক্তং তদ্রজসা সহিতং দ্রবরূপং সৎ প্রথমে মাসি তিষ্ঠতি ॥ ১৩॥ বুদ্বুদমিতি। ইদংদ্রবরূপং শুক্রং বুদ্বুদরূপং ভবতি। তস্মাৎ কললং দ্রপ্সরূপং ভবতি। ততঃ পেশী ভবতি ততঃ পেশীঘনং ভবতীতি প্রথমমাস এব ক্রমাৎ ভাবিন্যশ্চতস্রোঽবস্থা নির্দ্দিষ্টাঃ। দ্বিতীয়মাসেতু পিণ্ডোজায়তে ॥ ১৪ ॥

জরায়ু বলে। তাহাতেই শুক্র ও শোণিতের সংযোগ হইয়া থাকে, এবং তাহাতেই প্রাণীর উৎপত্তি হয়, এই কারণে জরায়ুজ বলে।১১। পক্ষী সর্পাদিরা অণ্ড হইতে উৎপন্ন হয় এই নিমিত্ত তাহাদিগকে অণ্ডজ, মশকাদি স্বেদ হইতে জন্মে, এই কারণে তাহাদিগকে স্বেদজ, তৃণগুল্মাদি ভূমি উদ্ভেদ করিয়া জন্মে তাই তাহাদিগকে উদ্ভিজ্জ এবং দেবও ঋষিগণ যোগ সামর্থ্যদ্বারা মানস হইতে উৎপন্ন হয়েন, এই নিমিত্ত তাঁহাদিগকে মানস বলিয়া নির্দ্দেশ করা হয়। ১২। জন্মের কারণীভূত কর্ম্মের দ্বারা স্ত্রীযোনিতে শুক্র নিষিক্ত হইয়া স্ত্রীরজের সহিত সমাযোগে উহা প্রথম মাসে দ্রবাকার ধারণ

করাঙ্‌ঘ্রিশীর্ষকাদীনি তৃতীয়ে সম্ভবন্তি হি।
অভিব্যক্তিশ্চ জীবস্য চতুর্থে মাসি জায়তে ॥১৫॥
ততশ্চলতি গর্ভোঽপি জনন্যা জঠরে স্বতঃ।
পুত্রশ্চেদ্দক্ষিণে পার্শ্বে কন্যা বামে চ তিষ্ঠতি ॥১৬॥
নপুংসকস্তূদরস্য ভাগে তিষ্ঠতি মধ্যমে।
অতো দক্ষিণপার্শ্বে তু শেতে মাতা পুমান্ যদি ॥১৭॥
অঙ্গপ্রত্যঙ্গভাগাশ্চ সূক্ষ্মাঃ স্যুর্যুগপত্তদা।
বিহায় শ্মশ্রুদন্তাদীন্ জন্মানন্তরসম্ভবান্ ॥১৮॥
চতুর্থে ব্যক্ততা তেষাং ভাবানামপি জায়তে।
পুংসাং শৌর্য্যাদয়ো ভাবা ভীরুত্বাদ্যাস্তু
যোষিতাম্ ॥ ১৯ ॥

অভিব্যক্তিরিতি জীবস্য জীবোপাধের্লিঙ্গদেহস্যেতি যাবৎ ॥ ১৫ ॥
তত ইতি। জনন্যা জঠরে গর্ভঃ স্বতোঽপি স্বতএবেত্যর্থঃ ॥১৬॥১৭॥
অঙ্গপ্রত্যঙ্গেতি। তদা চতুর্থমাসে অঙ্গানি করচরণাদীনি প্রত্য-
ঙ্গানি অঙ্গুল্যাদীনি তেষাং ভাগা অংশাঃ সূক্ষ্মা যুগপৎ স্যুঃ
জন্মন উৎপত্তেরনন্তরং সম্ভব উৎপত্তির্যেষাং তান্ তথোক্তান্

করে।১৩। এবং ঐ দ্রবাকার শুক্র প্রথমে বুদ্‌বুদরূপ, তাহা হইতে কললাকার,
ক্রমে পেশীরূপে পরিণত হয়, পরে ঐ পেশী দৃঢ় হইয়া দ্বিতীয় মাসে
পিণ্ডরূপে পরিণত হয়।১৪। ঐ পিণ্ড হইতে তৃতীয় মাসে কর, চরণ ও
মস্তকাদির অভিব্যক্তি হয় এবং চতুর্থ মাসে লিঙ্গদেহের অভিব্যক্তি হয়।১৫।
তৎপরে গর্ভ স্বতই জননীর জঠরবিবরে বিচলিত হইতে থাকে। পুত্র সন্তান
হইলে উদরের দক্ষিণ ভাগে, কন্যা হইলে বামভাগে এবং নপুংসক হইলে
মধ্যভাগে অবস্থিতি করে। অতএব গর্ভে পুত্র সন্তান বিদ্যমান থাকিলে

নপুংসকে চ তে মিশ্রা ভবন্তি রঘুনন্দন ! ।
মাতৃজং চাস্য হৃদয়ং বিষয়ানভিকাঙ্ক্ষতি ॥ ২০ ॥
ততো মাতুর্মনোঽভীষ্টং কুর্য্যাদ্গর্ভবিবৃদ্ধয়ে।
তাঞ্চ দ্বিহৃদয়াং নারীমাহুর্দৌহৃদিনীং ততঃ ॥২১॥
অদানা দ্দোহদানাং স্যাৎ গর্ভস্য ব্যঙ্গতাদয়ঃ।
মাতুর্যদ্বিষয়ে লোভস্তদার্ত্তো জায়তে সুতঃ ॥ ২২ ॥

শ্মশ্রুদন্তাদীন্ বিহায় ॥ ১৮॥ চতুর্থে ইতি। তেষাং ভাবানাং বক্ষ্যমাণানামপি অভিব্যক্তির্জায়তে। কে তে ভাবা ইত্যাকাঙ্ক্ষায়ামাহ পুংসামিতি। যোষিতাং ভূতত্বাত্মাঃ ভূতত্বং চাঞ্চল্যং ॥ ১৯ ॥ নপুংসক ইতি। মাতৃজমিতি গর্ভস্য হৃদয়ং মাতুর্হৃদয়াজ্জায়ত-ইত্যর্থঃ। অতো মাতুরাকাঙ্ক্ষিতানেব বিষয়ানভিকাঙ্ক্ষতি ॥২০॥ তত ইতি। ততঃ কারণাৎ গর্ভস্য বিবৃদ্ধয়ে মাতুর্মনসো যত্তদন্নপানাত্মভীষ্টং তৎকুর্য্যাৎ। তাঞ্চেতি। দ্বে হৃদয়ে যস্যা স্তাং দৌহৃদিনীং। পৃষোদরাদিত্বাৎ সাধুঃ ॥ ২১ ॥ অদানাদিতি। দোহদানাং গর্ভিণ্যভিলষিতার্থানা মদানাৎ গর্ভস্থ ব্যঙ্গতা অঙ্গন্যূনত্বং। আদি-

তখন মাতা দক্ষিণ পার্শ্বে শয়ন করেন। ১৬-১৭। শ্মশ্রু ও দন্তাদি জন্মের পরে উৎপন্ন হয়, তৎব্যতীত অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ সূক্ষ্মরূপে এই সময়েই হইয়া থাকে। ১৮। হে রঘুনন্দন! চতুর্থ মাসেই পুরুষের ধৈর্য্যাদি ভাব, স্ত্রীর চাঞ্চল্যাদি ভাব এবং নপুংসকের উভয় মিশ্রিত ভাব বিকসিত হয়। তখন মাতার হৃদয় হইতে গর্ভের হৃদয় সঞ্জাত হইয়া মাতার আকাঙ্ক্ষিত বিষয়ের আকাঙ্ক্ষা করিতে থাকে, অতএব গর্ভ বিবৃদ্ধির নিমিত্ত মাতার মনোভীষ্ট অবশ্যই সম্পাদনীয়। গর্ভাবস্থায় এইরূপে মাতা দ্বি-হৃদয় বিশিষ্টা হয়েন, এই কারণে নারীকে দৌহৃদিনী বলে। ১৯-২১। গর্ভাবস্থায় গর্ভিণীর অভিলাষ পূরণ না করিলে গর্ভস্থ শিশুর অঙ্গন্যূনতা, অশক্তি ও বুদ্ধিমান্দ্যাদি ঘটিয়া

প্রবুদ্ধং পঞ্চমে চিত্তং মাংসশোণিতপুষ্টতা।
ষষ্ঠেঽস্থিস্নায়ুনখরকেশলোমবিবিক্ততা ॥ ২৩ ॥
বলবর্ণৌ চোপচিতৌ সপ্তমে ত্বঙ্গপূর্ণতা।
পাদান্তরিতহস্তাভ্যাং শ্রোত্ররন্ধ্রে পিধায় সঃ ॥২৪॥
উদ্বিগ্নো গর্ভসংবাসাদস্তি গর্ভভয়ান্বিতঃ ॥ ২৫ ॥
আবির্ভূতপ্রবোধোঽসৌ গর্ভদুঃখাদিসংযুতঃ।
হা কষ্টমিতি নির্ব্বিণ্ণঃ স্বাত্মানং শোশুচীত্যথ ॥২৬॥

পদেন অশক্তবুদ্ধিমান্দ্যত্বাদীনাং সংগ্রহঃ ॥ ২২ ॥ প্রবুদ্ধমিতি। পঞ্চমে প্রবুদ্ধং জ্ঞানবত্তবতি। ষষ্ঠে তু নখরাণি নখানি কেশাঃ শিরোরুহাঃ রোমাণ্যঙ্গরুহাণি ॥ ২৩ ॥ বলবর্ণাবিতি। সপ্তমে বলবর্ণৌ চ উপচিতৌ ভবতঃ। অঙ্গপূর্ণতা সপ্তমে সর্ব্বাঙ্গসম্পূর্ণো ভবতীতি বচনাৎ পাদাভ্যামন্তরিতৌ যৌ হস্তৌ তাভ্যাং শ্রোত্র-রন্ধ্রে পিধায়াচ্ছাদ্য ॥ ২৪ ॥ সজন্তুঃ কিম্বিধ স্তত্রাহ উদ্বিগ্ন ইতি। গর্ভসম্বাসাৎ গর্ভসম্বাসসঙ্কটাৎ ইত্যর্থঃ। উদ্বিগ্নঃ সঞ্জাতত্রাসঃ তথা গর্ভভয়েন ভাবিগর্ভপ্রতিসন্ধানজনিতেন ভয়েনান্বিতোযুক্তঃ সন্নস্তি তিষ্ঠতি ॥ ২৫ ॥ আবির্ভূত ইতি। আবির্ভূতঃ প্রবোধঃ ভূত-

---

থাকে, এবং মাতার যে বিষয়ে অভিলাষ হয়, পুত্র ও তাহার নিমিত্ত অভিলাষী হয়। ২২। অনন্তর পঞ্চম মাসে চিত্ত প্রবুদ্ধ হয় এবং মাংসশোণিতের পরিপুষ্টতা জন্মে। ষষ্ঠমাসে অস্থি, স্নায়ু, নখ, কেশ, অঙ্গ ও রোমাবলির প্রকাশ হয়।২৩। সপ্তম মাসে বল ও বর্ণের উপচিতি এবং অঙ্গের পূর্ণতা হয়। এই সময়ে গর্ভ পাদদ্বয়ের অভ্যন্তর দিয়া হস্ত উত্তোলন পূর্ব্বক শ্রবণ বিবর আচ্ছাদন করতঃ গর্ভবাস বশতঃ ভীত ও ভাবি গর্ভবাস চিন্তা করিয়া উদ্বিগ্নচিত্তে অবস্থিতি করে। ২৪-২৫। তখন গর্ভস্থ জীব অনেক জন্মের গর্ভবাসক্লেশ স্মরণ

অনুভূতা মহাংসহপুরোমর্ম্মচ্ছিদোহসকৃৎ।
করম্ভবালুকাতপ্তাশ্চাদহন্তাসুখাশয়াঃ ॥ ২৭ ॥
জঠরানলসন্তপ্তপিত্তাখ্যরসবিপ্রুষঃ।
গর্ভাশয়ে নিমগ্নন্তু দহন্ত্যতিভৃশং হি মাং ॥২৮ ॥
উদর্য্যক্রিমিবক্ত্রাণি কূটশাল্মলিকণ্টকৈঃ।
তুল্যানি চ তুদন্ত্যার্ত্তং পার্শ্বাস্থিক্রকচার্দ্দিতম্ ॥২৯॥

ভবিষ্যদনেকজন্মজ্ঞানং যস্য স তথা। নির্ব্বিণ্ণঃ পশ্চাত্তাপবান্। শোশুচীতি পুনঃ পুনঃ শোচতীত্যর্থঃ। যত্তু লুগন্তাত্রটিরূপমিদং ॥২৬॥ ভূতজন্মদুঃখান্তনুস্মৃত্য শোচতি। অনুভূতেতি। মহাসহাশ্চ তাঃ পুরশ্চ তা স্তথোক্তাঃ। নারকিশরীরাণীত্যর্থঃ। শতং মাপুর আয়সী ররক্ষন্ ইতি শ্রুতেঃ। কর্ম্মধারয়ে কৃতে ঋক্পূর ব্‌ঃ ইতি সমাসান্তেহচি পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োরিতি স্ত্রীত্বাদাপ্। ময়ানুভূতা ইতি সম্বন্ধঃ। করম্ভ-বালুকাঃ যবভর্জ্জনার্থং তপ্তাঃ সিকতাঃ। তপ্তাঃ পুনশ্চ সন্তাপিতাঃ। কীদৃশ্যঃ অসুখং আশেতে আশ্নিতি অসুখাশয়াঃ। এবম্ভূতা মাং দহন্তীতি সম্বন্ধঃ ॥ ২৭॥২৮ ॥ উদর্য্যেতি। উদরে ভবা উদর্য্যাঃ শরীরাবয়বাদ্যৎ। উদর্য্যক্রমীণাং বক্ত্রানি আর্ত্তং মাস্তদন্তি ব্যথয়ন্তীত্যন্বয়ঃ। কীদৃশানি বক্ত্রাণি কূটশাল্মলেঃ কণ্টকৈস্তুল্যাণি। কীদৃশং মাং মাতুঃ পার্শ্বভাগয়োর্যান্যস্থীনি তান্যেব

করিয়া অত্যন্ত দুঃখিত হয় এবং অতি অনুতাপের সহিত আমাকে লক্ষ্য করিয়া পুনঃপুনঃ শোক প্রকাশ করে।২৬। তৎকালে জীব চিন্তা করিতে থাকে যে, আমি অসহনীয় ও মর্ম্মপীড়ক অনেক নারকি শরীর অনুভব করিয়াছি, পরন্তু এখনও যবাদি ভর্জ্জনার্থ পুনঃপুনঃ সংতপ্ত বালুকার ন্যায় জঠরানলসন্তপ্ত পিত্তাখ্য রস গর্ভাশয়স্থ আমাকে অতিশয় পীড়িত করিতেছে।২৭-২৮।

গর্ভে দুর্গন্ধভূয়িষ্ঠে জঠরাগ্নিপ্রদীপিতে।
দুঃখং ময়াপ্তং যত্তস্মাৎ কনীয়ঃ কুম্ভপাকজম্ ॥৩০॥
পূয়াসৃক্শ্লেষ্মপায়িত্বং বান্তাশিত্বঞ্চ যদ্ভবেৎ।
অশুচৌ ক্রিমিভাবশ্চ তৎপ্রাপ্তং গর্ভশায়িনা ॥৩১॥
গর্ভশয্যাং সমারুহ্য দুঃখং যাদৃঙ্ময়াপি তৎ।
নাতিশেতে মহাদুঃখং নিঃশেষং নরকেষু তৎ ॥৩২॥

ক্রকচাঃ করপত্রাণি তৈরর্দ্দিতং পীড়িতং ॥ ২৯ ॥ গর্ব্ভে ইতি। মাতৃগর্ব্ভে। কীদৃশে দুর্গন্ধভূয়িষ্ঠে পূতিগন্ধিবহুলে। কিঞ্চ জঠরাগ্নিনা প্রদীপিতে যন্ময়া দুঃখমাপ্ত মনুভূতং তস্মাৎ দুঃখাৎ কুম্ভপাকাখ্যে নরকে জাতং দুঃখং কনীয়ঃ অত্যল্পমিত্যর্থঃ ॥ ৩০ ॥ পূয়েতি। পূয়োরক্তবিকারঃ। অসৃগ্রক্তং শ্লেষ্মা কফঃ তৎপায়িত্বং বান্তাশিত্বং। উদরস্থমন্নমেব বান্তত্বেনোপচর্য্যতে। তদ্ভক্ষণশীলত্বং। অশুচৌ বিণ্মূত্রাদৌ ক্রিমিভাবশ্চ। তন্ত্রিতয়মপি গর্ব্ভশায়িনা ময়া প্রাপ্তমিতি সম্বন্ধঃ ॥ ৩১ ॥ গর্ব্ভশয্যামিতি। গর্ব্ভ এব শয্যা তাং সমারুহ্যাশ্রিত্য ময়া যাদৃক্ দুঃখং আপি প্রাপ্তং তদ্দুঃখং কর্ম্ম সমস্তেষু নরকেষু দুঃখং কর্ত্তৃ তন্নাতি শেতে। আকল্পং ভোক্তব্যসর্ব্বনরকদুঃখাদপি

উদরের মধ্যস্থ কীটাবলী শাল্মলী বৃক্ষের কণ্টক সদৃশ মুখাগ্রদ্বারা মাতৃপার্শ্বস্থি-ক্রকচ পীড়িত আমাকে অত্যন্ত ব্যথিত করিতেছে।২৯। আমি দুর্গন্ধপূরিত, জঠরাগ্নিদ্বারা প্রদীপিত এই গর্ভে অবস্থিতিপূর্ব্বক যেরূপ দুঃখ প্রাপ্ত হইলাম, ইহা অপেক্ষায় কুম্ভীপাক নরকে অবস্থানজনিত ক্লেশ ও তুচ্ছ মনে করি। ৩০। আমি গর্ভে বাস করিয়া পূয, রক্ত, শ্লেষ্মা, ও বান্ত ভক্ষণ এবং অশুচি বিণ্মূত্রাদি স্থানে ক্রিমির ন্যায় বিচরণ করিতেছি। আমি গর্ভ-শয্যা আশ্রয় করিয়া যাদৃশ মহাদুঃখের অনুভব করিলাম, সমস্ত নরকেও এতাদৃশ দুঃখ

এবং স্মরন্ পুরাপ্রাপ্তা নানাজাতীশ্চ যাতনাঃ।
মোক্ষোপায়মভিধ্যায়ন্ বর্ত্ততেঽভ্যাসতৎপরঃ ॥ ৩৩ ॥
অষ্টমে ত্বক্‌স্মৃতী স্যাতামোজস্তেজশ্চ হৃদ্ভবম্।
শুভ্রমাপীতরক্তঞ্চ নিমিত্তং জীবিতে মতং ॥ ৩৪ ॥
মাতরঞ্চ পুনর্গর্ভং চঞ্চলং তত্ প্রধাবতি।
ততোজাতোঽষ্টমে মাসি ন জীবত্যোজসোজ্‌ঝিতঃ
॥ ৩৫ ॥

গর্ভবাসদুঃখমসহ্য মিতি ভাবঃ ॥ ৩২ ॥ এবমিতি। নানাবিধাজাতীঃ সঙ্করজাতীঃ পুক্কসত্বাদ্যাঃ যাতনা স্তীব্রবেদনাশ্চ স্মরন্ মোক্ষস্য উপায়ঞ্চাভিধ্যায়ন্ কেনোপায়েন মে মোক্ষোভবিষ্যতীতি চ চিন্তয়ন্নিত্যর্থঃ। বর্ত্ততে তিষ্ঠতি। কীদৃক্। অভ্যাসঃ সমস্তদুঃখচিন্তন পূর্ব্বকং মোক্ষোপায়চিন্তনবৃত্তিঃ তত্র তৎপর স্তদেকনিষ্ঠ ইত্যর্থঃ ॥৩৩॥ অষ্টম ইতি। ত্বক্ চর্ম্ম স্মৃতি র্গমনরূপং কর্ম্ম তে উভে স্যাতাং। হৃদিভবং হৃদ্ভবং ওজস্তেজশ্চ স্যাৎ তয়োঃ স্বরূপমাহ। শুদ্ধঃ যদোজঃ-শব্দবাচ্যং তচ্ছুভ্রং যত্তেজঃশব্দবাচ্যং তৎ আ ঈষৎ পীতং রক্তঞ্চ। তদোজস্তেজশ্চ ধাতুপরিণামবিশেষাত্মকং জীবিতে নিমিত্তং তদষ্টমে মাসি মতং তত্র স্ফুটীভবতীত্যর্থঃ ॥ ৩৪ ॥ মাতরমিতি। যৎ

সম্ভাবনা নাই। ৩১-৩২। এই প্রকারে গর্ভস্থ শিশু পুক্কসাদি নানা জাতিরূপে জন্ম এবং তত্তৎ জন্মীয় নানাবিধ যাতনা স্মরণ করতঃ মুক্তিলাভের উপায় চিন্তায় তৎপর হইয়া অবস্থিতি করে। ৩৩। অষ্টম মাসে ত্বক্ এবং গমনক্ষমতা, এবং হৃদয়ের তেজ জন্মে। এই তেজ দুই প্রকার, ওজ, ও তেজ, তন্মধ্যে ওজ শুভ্রবর্ণ, আর তেজ ঈষৎ পীত ও রক্তবর্ণ। এই ওজ ও তেজই জীবন ধারণের নিমিত্ত। ৩৪। অষ্টমমাসে এই ওজ চঞ্চলভাবে থাকে, একবার

কিঞ্চিৎকালমবস্থানং সংস্কারাৎ পীড়িতাঙ্গবৎ।
সময়ঃ প্রসবস্য স্যান্মাসেষু নবমাদিষু ॥ ৩৬ ॥
মাতুরস্রবহাং নাড়ীমাশ্রিত্যান্ববতারিতা।
নাভিস্থনাড়ী গর্ভস্য মাত্রাহাররসাবহা ॥
তেন জীবতি গর্ভোঽপি মাত্রাহারেণ পোষিতঃ ॥ ৩৭ ॥

পূর্ব্বোক্ত মোজঃ গর্ভস্থাদৃষ্টবশাৎ চঞ্চল্যাতে গর্হিতং চলতীতি চঞ্চলং। অতএব পুনর্ম্মাতরঞ্চ পুনশ্চ গর্ভং প্রধাবতি। অনিয়তাবস্থিতির্ভবতীত্যর্থঃ। ততোহেতোঃ অষ্টমে মাসি জাতোন জীবতি। প্রাগুক্তেন ওজসা উজ্ঝিত স্ত্যক্তঃ ॥ ৩৫ ॥ কিঞ্চিৎকালমিতি। নবমাদিষু মাসেষু প্রসবস্য সময়ঃ স্যাৎ। তেষু মাসেষু সংস্কারাৎ প্রসবপ্রতিবন্ধকাদৃষ্টাৎ কিঞ্চিৎকালমবস্থানং ভবতীতি। তত্র দৃষ্টান্তঃ। ভারাদিনা শ্রান্ত স্তূষ্ণীং তিষ্ঠতি তদ্বৎ ॥ ৩৬ ॥ মাতুরিতি অস্রং শোণিতং বহত্যানয়েত্যস্রবহা তাং নাড়ীমাশ্রিত্য নাভিস্থা নাড়ী অন্ববতারিতা বিস্তারিতাস্তি, সা চ নাড়ী গর্ভস্য মাতুরাহারো মাত্রাহারস্তৎ সম্বন্ধিনং রসং আবহতি। অস্রবহনাড্যাশ্রিতনাভিস্থনাড়ীপ্রাপিতমাত্রাহাররসেন গর্ভো জীবতীতি ভাবঃ। তদেব

মাতাকে আবার গর্ভকে আশ্রয় করে, অতএব যদি ওজরহিত হইয়া অষ্টম মাসে সন্তান জন্মে, তবে সেই সন্তান জীবিত থাকিতে পারে না। ৩৫। যেমন ভারবহনশ্রান্ত ব্যক্তি ভার স্তস্ত করিতে করিতে ও কিছুকাল তূষ্ণীম্ভাবে অবস্থিতি করে, সেই প্রকার গর্ভস্থ শিশু ও প্রসব-প্রতিবন্ধক অদৃষ্ট বশতঃ প্রসবের উপযুক্ত সময়-নবমমাসাদি আগত হইলেও কিছুকাল গর্ভেই অবস্থিতি করে। ৩৬। গর্ভস্থ শিশুর নাভিস্থা নাড়ী জননীর রক্তবহা নাড়ীকে আশ্রয়পূর্ব্বক অবস্থিতি করে, সেই নাড়ীই জননীর ভুক্তপীত দ্রব্যের রস

অস্থিযন্ত্রবিনিষ্পিষ্টঃ পতিতঃ কুক্ষিবর্ত্মনা।
মেদোঽসৃগ্দিগ্ধসর্ব্বাঙ্গো জরায়ুপুটসংবৃতঃ॥ ৩৮॥
নিষ্ক্রামন্ ভৃশদুঃখার্ত্তো রুদন্নুচ্চৈরধোমুখঃ।
যন্ত্রাদেবং বিনির্ম্মুক্তঃ পতত্যুত্তানশায্যুত॥৩৯॥
অকিঞ্চিৎকস্তদা লোকে মাংসপেশীবদাস্থিতঃ।
শ্বমার্জ্জারাদিদংষ্ট্রিভ্যো রক্ষ্যতে দণ্ড-
পাণিভিঃ॥ ৪০ ॥

স্পষ্টমাচষ্টে তে নেতি। যোষিতস্তেনান্নরসেন মাত্রাহারেণ স্বল্পা-হারভূতেনাপি তদ্গর্ভোজীবতীত্যর্থঃ॥ ৩৭॥ প্রসূতিপ্রকারমাহ অস্থিযন্ত্রেতি। যোনিচক্রে যান্যস্থীনি তদেব যন্ত্রং তেন বিনি-ষ্পিষ্টো ব্যথিতাঙ্গঃ সন্ কুক্ষিবর্ত্মনা কুক্ষির্বস্তিস্ততো যোনিরেবভূতে-নেত্যর্থঃ। বহিঃ পতিতঃ নিস্থতোভবতীতি শেষঃ। কিম্ভূতঃ মেদশ্চ অসৃক্ চ তাভ্যাং দিগ্ধমালিপ্তং সর্ব্বমঙ্গং যস্য স তথা। জরায়ুরেব পুট মপিধানং তেন সম্বৃতঃ॥ ৩৮॥ নিষ্ক্রামন্নিতি। এবমুক্ত-প্রকারেণ যন্ত্রাদ্বিনির্ম্মুক্তঃ সন্ পততি। এবং গর্ভবাস দুঃখং নিরূ-পিতং। উত্তানশায়ীত্যাদিনা শৈশবদুঃখং নিরূপয়তি। উত

গ্রহন করিয়া লয়, এবং এই রসের দ্বারাই শিশু পোষিত হইয়া জীবন ধারণ করে। ৩৭। অনন্তর যোনিমণ্ডলস্থ অস্থিরূপ যন্ত্রের দ্বারা ব্যথিতাঙ্গ হইয়া যোনিদ্বার দিয়া বহিঃ নিঃসৃত হয়। তখন শিশু মেদ ও রক্তদ্বারা লিপ্তাঙ্গ এবং জরায়ুপুটে আবৃত থাকে। ৩৮। এই প্রকারে অতি দুঃখ পীড়িত হইয়া যোনিযন্ত্র হইতে অধোমুখে নিষ্ক্রমণপূর্ব্বক উচ্চৈঃস্বরে রোদন করিতে থাকে, এবং উত্তান ভাবে শয়ন করে। ৩৯। তখন শিশু সর্ব্ববিধ ক্ষমতা শূন্য হইয়া অবস্থান করে, তাহাকে একটা মাংসপিণ্ডবৎ লক্ষিত হয়, অতএব

পিতৃবদ্রাক্ষসং বেত্তি মাতৃবড়্ডাকিনীমপি।
পূয়ং পয়োবদজ্ঞানাৎ দীর্ঘকষ্টন্তু শৈশবম্॥৪১॥
শ্লেষ্মণা পিহিতা নাড়ী সুষুম্না যাবদেব হি।
ব্যক্তবর্ণঞ্চ বচনং তাবদ্বক্তুং ন শক্যতে॥ ৪২॥
অতএব চ গর্ভেঽপি রোদিতুং নৈব শক্যতে ৪৩॥
দৃপ্তোঽথ যৌবনং প্রাপ্য মন্মথজ্বরবিহ্বলঃ।
গায়ত্যকস্মাদুচ্চৈস্তু তথাকস্মাচ্চ বল্গতি॥ ৪৪ ॥

অপি চ উত্তানশায়ী তিষ্ঠ ইত্যর্থঃ ॥৩৯॥ অকিঞ্চিৎকঃ ন কিঞ্চিদপি কর্ত্তুং সমর্থঃ। সর্ব্বথা পরাধীনইতি ভাবঃ। অতএব লোকৈর্মাংসপেশাবদবস্থিতঃ। দণ্ডপাণিভিঃ স্বজনৈঃ॥ ৪০ ॥ বিবেকশূন্যত্বং প্রতিপাদয়তি পিতৃবদিতি। ডাকিনীং রাক্ষসীবিশেষং। দীর্ঘং কষ্টং যস্মিন্ তত্তাদৃশং শৈশবমিতি॥ ৪১ ॥ শ্লেষ্মণেতি। সুষুম্না ব্রহ্মনাড়ীত্যুচ্যতে সা যাবৎ শ্লেষ্মণা পিহিতাস্তি তাবৎ স্পষ্টাক্ষরং বচনং বক্তুং ন শক্যতে॥ ৪২-৪৩॥ যৌবনং নিরূপয়তি দৃপ্তো-

---

সর্ব্বদাই স্বজনেরা দণ্ডপাণি হইয়া মার্জ্জারাদি দংষ্ট্রিগণের নিকট হইতে তাহাকে রক্ষা করেন। ৪০। এই সময়ে ইহার কিছুমাত্র বিবেক থাকে না. তাই ভয়ে রাক্ষসগণকে পিতার ন্যায়, ডাকিনী (রাক্ষসীবিশেষ) গণকে মাতার ন্যায় মনে করে এবং জননীর স্তননিঃসৃত পূয়কে পয়োজ্ঞানে গ্রহণ করে অতএব শৈশবকাল অতীব কষ্ট দায়ক ইহাতে সন্দেহ নাই। ৪১। যে পর্য্যন্ত সুষুম্না নাড়ী শ্লেষ্মদ্বারা সমাবৃত থাকে, তাবৎ পর্য্যন্ত স্পষ্টরূপে বাক্য বলিতে পারে না। এই কারণেই গর্ভে তাদৃশ কষ্ট পাইয়াও ক্রন্দন করিতে সমর্থ হয় না। ৪২-৪৩। অনন্তর যৌবনে পদার্পণ করে, তখন গর্ব্বিত এবং কামজ্বরে বিহ্বল হয়, কখন উচ্চৈঃস্বরে গান করে, কখন বা নিষ্প্রয়োজনে

আরোহতি তরূন বেগাচ্ছান্তাম্নুদ্বেজয়ত্যপি।
কামক্রোধমদান্ধঃ সন্ন কাংশ্চিদপি বীক্ষতে ॥ ৪৫ ॥
অস্থিমাংসশিরালায়া বামায়া মন্মথালয়ে।
উত্তানপূতিমণ্ডূকপাটিতোদরসন্নিভে।
আসক্তঃ স্মরবাণার্ত্ত আত্মনা দহ্যতে ভৃশম্ ॥ ৪৬॥
অস্থিমাংসশিরাত্বগ্ভ্যঃ কিমন্যদ্বর্ত্ততে বপুঃ।
বামানাং মায়য়া মূঢ়ো ন কিঞ্চিদ্বীক্ষতে জগৎ ॥৪৭॥

হপ্তেতি। দৃপ্তো গর্ব্বিতঃ অকস্মাৎ নির্নিমিত্তং বল্গতি স্বপরাক্রমং বিকথতে ॥ ৪৪-৪৫ ॥ অস্থি চ মাংসঞ্চ শিরা চ অস্থিমাংসশিরং তৎ আসমন্তাৎ লাতি গৃহ্লাতি সা তথা তস্যা বামায়াঃ স্ত্রিয়া মন্মথালয়ে উপস্থে। উত্তানং পূতি দুর্গন্ধং ঈদৃশং যৎ মণ্ডূকস্য পাটিতং বিশীর্ণং উদরং তৎসদৃশে। আসক্তঃ সন্ আত্মনা মনসা ॥৪৬॥ অস্থীতি। বামানাং সুন্দরীণাং বপুঃ শরীরং অস্থিমাংসপ্রভৃতিভ্যোঽন্যৎ বর্ত্ততে কিং নাস্ত্যেবেত্যর্থঃ। যদ্যপি অস্থ্যাদীনাং একত্বমেবাপেক্ষিতং প্রাণ্যঙ্গত্বাৎ তথাপ্যার্ষত্বমেব গতিঃ। যদ্যপ্যেবং তথাপি মায়য়া যোষিন্ময্যা মূঢ়োযুবা কিমপি জগৎ নেক্ষতে

স্বপরাক্রমের প্রশংসা করে, কখন সবেগে বৃক্ষোপরি আরোহণ করে, কখন শান্তব্যক্তিগণকে উদ্বেজিত করে, তখন কাম বা ক্রোধ ও মদে অন্ধীভূত হইয়া কাহাকেও গ্রাহ্য করে না।৪৪-৪৫। এই যৌবন কালে অস্থি, মাংস ও শিরাময়ী রমণীর উত্তান দুর্গন্ধান্বিত ও বিশীর্ণ মণ্ডূকের উদরের ন্যায় স্মরমন্দিরে (যোনিস্থানে) সমাসক্ত হইয়া কামবাণ পীড়ায় স্বয়ংই অতিশয় দগ্ধ হইতে থাকে।৪৬। স্ত্রীর দেহ অস্থি, মাংস, শিরা এবং ত্বক্ ভিন্ন আর কিছুই নহে, তথাপি যুবক, কামিনীর মায়ায় মুগ্ধ হইয়া স্ত্রীদেহের প্রকৃত তত্ত্ব বুঝিতে পারে

নির্গতে প্রাণপবনে দেহো হন্ত মৃগীদৃশঃ।
যথা হি জায়তে নৈব বীক্ষ্যতে পঞ্চষৈর্দ্দিনৈঃ ॥ ৪৮॥
মহাপরিভবস্থানং জরাং প্রাপ্যাতিদুঃখিতঃ।
শ্লেষ্মণা পিহিতোরস্কো জগ্ধমন্নং ন জীর্য্যতি ॥৪৯॥
সন্নদন্তো মন্দদৃষ্টিঃ কটুতিক্তকষায়ভুক্।
বাতভুগ্নকটিগ্রীবাকরোরুচরণোঽবলঃ ॥ ৫০ ॥

যথাবন্ন জানাতি কিন্তু স্ত্রীময়মেব পশ্যতীত্যর্থঃ ॥৪৭॥ নির্গত ইতি। প্রাণপবনে নির্গতে সতি পঞ্চভিঃ ষড়্ভির্ব্বেতি পঞ্চষৈঃ দিনৈঃ। মৃগীদৃশোদেহো যথাহি জায়তে যা মবস্থাং প্রাপ্নোতি তন্ন বীক্ষ্যতে ন পর্য্যালোচ্যতে মূঢ়েন যূনেতি শেষঃ। উক্তঞ্চ নারীস্তনভরনাভি-নিদেশং দৃষ্ট্বা মায়ামোহাবেশং। এতৎ সর্ব্বং মাংসবিকারং মনসি বিচারয় বারম্বারং। ইতি ॥ ৪৮ ॥ বার্দ্ধক্যদুর্দ্দশামাহ মহাপরি-ভবেতি। মহাংশ্চাসৌ পরিভবস্তিরস্কারস্তস্য স্থানং। অজহল্লিঙ্গ-ত্বাৎ তথৈব বিশেষণং। শৈত্যং হি যৎসা প্রকৃতির্জলস্য ইতি-বৎ। এবম্বিধাং জরাং প্রাপ্যাতি দুঃখিতস্তিষ্ঠতীতি শেষঃ। জগ্ধং ভক্ষিতমন্নং ন জীর্য্যতি জীর্ণং ন ভবতীত্যর্থঃ ॥ ৪৯ ॥ সন্না বিশীর্ণা দন্তা যস্য স তথা কটুতিক্তাদীন্ রসান্ ব্যাধিনিবৃত্তয়ে ভুঙক্ত ইতি

না, সে জগৎকে স্ত্রীময়ই নিরীক্ষণ করে। ৪৭। স্ত্রীদেহ হইতে প্রাণবায়ু নির্গত হইয়া গেলে, পঞ্চ ষড়্দিনের পরেই সেই মৃগীদৃশীর দেহ যে কি অবস্থায় পরিণত হইবে, তাহা একবারও আলোচনা করে না। ৪৮। এইত যৌবনাবস্থার ক্লেশ বর্ণিত হইল, তৎপর বার্দ্ধক্যাবস্থা প্রাপ্ত হইয়া অতি দুঃখিত চিত্তে কালযাপন করিতে হয়। এই অবস্থায় পরিভূত হইয়া থাকিতে হয়, বক্ষঃস্থল শ্লেষ্মদ্বারা আচ্ছন্ন থাকে, ভুক্ত অন্ন পরিপাক করিতে সামর্থ্য থাকে

গদাযুতসমাবিষ্টঃ পরিভূতঃ স্ববন্ধুভিঃ।
নিঃশৌচো মলদিগ্ধাঙ্গ আলিঙ্গিতবরোষিতঃ ॥৫১॥
ধ্যায়ন্নসুলভান্ ভোগান্ কেবলং বর্ত্ততেঽচলঃ।
সর্ব্বেন্দ্রিয়ক্রিয়ালোপাদ্ধস্যতে বালকৈরপি ॥৫২॥
ততো মৃতিজদুঃখস্য দৃষ্টান্তো নোপলভ্যতে।
যস্মাদ্বিভ্যতি ভূতানি প্রাপ্তান্যপি পরাং রুজং ॥৫৩॥

তথাভূতঃ। বাতেন ভুগ্না নম্রাঃ কট্যাদ্যবয়বা যস্য স তথা অতএবাবলঃ বলহীনঃ ॥৫০॥ গদেতি। গদানাং রোগাণাং অযুতেন দশসহস্রেণ সমাবিষ্টঃ ব্যাপ্তঃ। নিঃশৌচঃ শৌচশূন্যঃ। মলেন দিগ্ধং লিপ্তমঙ্গং যস্য স তথা। আলিঙ্গিতং বরং মহৎ উষিতং দাহোযেন স তথা। উষদাহে অস্মাদ্ধাতোর্ভাবে ক্তঃ। এব মাদি-রোগগ্রস্তত্বাৎ বন্ধুভিঃ স্ত্রীপুত্রাদিভিঃ পরিভূতোঽনাদৃত ইত্যর্থঃ ॥৫১॥ ধ্যায়ন্নিতি। অসুলভান্ স্বাদ্বন্নমৃদুশয্যাদীন্ ভোগান্ কেবলং ধ্যায়ন্ তিষ্ঠতি নতু ভগবন্তং ধ্যায়তীতি ভাবঃ। চলতীতি চলঃ কম্পমানদেহ ইত্যর্থঃ। সর্ব্বেষাং ইন্দ্রিয়াণাং যথাযথং ব্যাপার-লোপাৎ বালকৈরপি হাস্যতে উপহাস্যত ইত্যর্থঃ ॥ ৫২ ॥ ততঃ

না। ৪৯। দন্তাবলী বিশীর্ণ হইয়া যায়, দৃষ্টিশক্তি মন্দীভূতা হয়, সর্ব্বদাই ব্যাধি নিবৃত্তির জন্য কটু, তিক্ত ও কষায় রসের আস্বাদ করিতে হয়, বায়ু-দ্বারা কটি, গ্রীবা, কর, উরু এবং চরণদ্বয় নম্রীভূত হয়, তখন শরীর বলহীন হইয়া পড়ে।৫০। এই সময়ে দশ সহস্র ব্যাধিদ্বারা আক্রান্ত এবং স্ববন্ধুদ্বারা পরিভূত হয়, সর্ব্বদা শৌচহীন, মললিপ্তাঙ্গ দেহে দগ্ধ হইতে থাকে। ৫১। তখন কেবলমাত্র স্বাদু অন্নাদি ভোগ-লিপ্সা হয়, দেহ কম্পিত হইতে থাকে, সমস্ত ইন্দ্রিয়ের ক্রিয়াকারিতা বিলুপ্ত প্রায় হয়, সুতরাং বালকগণও উপহাস করিতে থাকে, অনন্তর মৃত্যু উপস্থিত হয়। মৃত্যুযাতনার বর্ণনা আর কি

নীয়তে মৃত্যুনা জন্তুঃ পরিষ্বক্তোঽপি বন্ধুভিঃ।
সাগরান্তর্জলগতো গরুড়েনেব পন্নগঃ ॥ ৫৪ ॥
হা কান্তে! হা ধনং! পুত্রাঃ! ক্রন্দমানঃ সুদারুণম্।
মণ্ডূক ইব সর্পেণ মৃত্যুনা নীয়তে নরঃ ॥ ৫৫ ॥
মর্মসুন্মথ্যমানেষু মুচ্যমানেষু সন্ধিষু।
যদ্দুঃখং ম্রিয়মাণস্য স্মর্য্যতাং তন্মুমুক্ষুভিঃ ॥ ৫৬॥

ইতি। ততোবার্দ্ধকানন্তরং মরণং তেন জাতস্য দুঃখস্য দৃষ্টান্তো নৈবোপলভ্যতে। যস্মান্মরণাদ্ভূতানি বিভ্যতি। কীদৃশানি পরাং মহতীং রুজং পীড়াং রোগরূপাং দারিদ্র্যাদিরূপাং বা প্রাপ্তান্যপি ॥৫৩॥ নীয়ত ইতি। বন্ধুভিঃ স্ত্রীপুত্রাদিভিঃ পরিষক্তোঽপি আলিঙ্গিতোঽপি। অত্র দৃষ্টান্তঃ সাগরেতি। পদ্ভ্যাং ন গচ্ছতীতি পন্নগঃ সর্পঃ ॥৫৪॥ হা কান্তে ইতি। যমদূতান্ দৃষ্ট্বা সুতরাং দারুণং যথা ভবতি তথা হা কান্তে! ইত্যাদি ক্রন্দমান আক্রোশন্নপি নরঃ মৃত্যুনা সর্পেণ মণ্ডূক ইব নীয়তে ॥ ৫৫ ॥ মর্ম্মস্বিতি। উন্মথ্যমানেষু প্রাণবায়ুনা বিযুজ্যমানেষু উৎকৃষ্যমাণেষ্বিতি পাঠেঽয়মেবার্থঃ। তথা হস্তপাদাদীনাঞ্চ সন্ধিষু মুচ্যমানেষু সৎসু ম্রিয়মাণস্য যদ্দুঃখং তন্মুমুক্ষুভিঃ স্মর্য্যতাং তস্মাদ্দেহে বিশ্বাসো ন বিধেয় ইতি ভাবঃ

করিব, প্রাণিগণ বিবিধ পীড়া উপভোগ করিয়াও যে মৃত্যুর নিকট ভীত হয়, অর্থাৎ মৃত্যু আকাজ্ঞা করে না। ৫৩। গরুড় যেমন সাগরতলগত সর্পকে গ্রহণ করে, তদ্রূপ বন্ধুগণ কর্ত্তৃক সমাকীর্ণ থাকিলেও মৃত্যু জীবকে গ্রহণ করিয়া প্রস্থান করিয়া থাকে। ৫৪। মৃত্যুশয্যায় পতিত ব্যক্তি যমদূত দর্শনে দারুণ রূপে হা কান্তে! হা ধন! হা পুত্র! বলিয়া ক্রন্দন করিতে থাকে। তখন সর্প যেরূপ মণ্ডূক গ্রহণ করে, সেই প্রকার মৃত্যু ও মানবকে লইয়া প্রস্থান করে। ৫৫। প্রাণ বায়ু মর্ম্মস্থান সকল পরিত্যাগ করিলে এবং হস্ত-পদাদির সন্ধিস্থানগুলি বিশ্লথ হইয়া পড়িলে তখন ম্রিয়মাণ ব্যক্তির যাদৃশ

দৃষ্টাবাক্ষিপ্যমাণায়াং সংজ্ঞয়া ম্রিয়মাণয়া।
মৃত্যুপাশেন বদ্ধস্য ত্রাতা নৈবোপলভ্যতে॥ ৫৭
সংরুধ্যমানস্তমসা মহচ্চিত্তমিবাবিশন্।
উপাহূতস্তদা জ্ঞাতীনীক্ষতে দীনচক্ষুষা॥ ৫৮॥
অয়ঃপাশেন কালেন স্নেহপাশেন বন্ধুভিঃ॥
আত্মানং কৃষ্যমাণস্তু বীক্ষতে পরিতস্তথা॥ ৫৯॥

॥৫৬॥ দৃষ্টাবিতি। দৃষ্টাবাক্ষিপ্যমাণায়াং যমদূতৈরিতি শেষঃ। ম্রিয়মাণয়া সংজ্ঞয়া উপলক্ষিতস্য তাৎকালিক্যা যাতনয়া নিঃসংজ্ঞস্যেত্যর্থঃ। মৃত্যুপাশেন বদ্ধস্য। এবম্বিধস্য জন্তোস্ত্রাতা রক্ষকো নোপলভ্যত এব। তস্মাত্তস্মিন্ কালে যস্ত্রাতা ঈশ্বরঃ স চাদাবেব শরণীকরণীয় ইতি ভাবঃ॥৫৭॥ সংরুধ্যমান ইতি। তমসা অজ্ঞানেন সংরুধ্যমানঃ তথাপি মহৎ চিত্তং বিবেকং। চিতী সংজ্ঞানে ভাবে ক্তঃ। আবিশন্নিব সাবধানতাং প্রাপ্তঃ সন্নিব। জ্ঞাতিভিরুপাহূতঃ সন্ তদা তস্যামবস্থায়ামপি জ্ঞাতীন্ দীনচক্ষুষা ঈক্ষতে। সম্ভাষণাসমর্থত্বা দীক্ষণমাত্রং করোতি তদেতন্মহতোবিবেকস্য কার্য্যং। তদভাবে ঈক্ষণমপি দুঃসাধ্যমিতিভাবঃ। তস্মাৎ তস্মিন্ কালে ঈশ্বরধ্যানার্থং যাবজ্জীবং ধ্যানাভ্যাসোবিধেয় ইতি ব্যঞ্জনং॥ ৫৮॥ অয়ঃপাশে-

দুঃখ সমুপস্থিত হয়, তাহা যেন মুমুক্ষুগণ সর্ব্বদা স্মরণ করেন। মুমুক্ষুগণের কদাপি দেহে বিশ্বাস করা কর্ত্তব্য নহে। ৫৬। যখন জীব মৃত্যু পাশে আবদ্ধ হয়, তখন যমদূতের দৃষ্টির আক্ষেপে সংজ্ঞা বিলুপ্ত হইয়া যায়, সেই কালে কেহই রক্ষক হইয়া উপস্থিত হয় না। ৫৭। মৃত্যুকালে জীব অজ্ঞান দ্বারা সমাচ্ছন্ন হয়, তথাপি ক্ষণে ক্ষণে যেন বিবেকের উদয় হইয়া থাকে, তাদৃশ সময়ে আত্মীয়গণ সম্বোধন করিলেও সম্ভাষণ করিতে অসমর্থ হইয়া কেবল মাত্র দীনচক্ষে তাহাদিগের প্রতি দৃষ্টিপাত করে। ৫৮। ম্রিয়মাণ ব্যক্তি এক দিকে কালের লৌহময় পাশে অপর দিকে বন্ধুগণের স্নেহময়পাশে

হিক্কয়া বাধ্যমানস্য শ্বাসেন পরিশুষ্যতঃ।
মৃত্যুমাকৃষ্যমাণস্য ন খল্বস্তি পরায়ণম্ ॥ ৬০ ॥
সংসারযন্ত্রমারূঢ়ো যমদূতৈরধিষ্ঠিতঃ।
ক্ব যাস্যামীতি দুঃখার্ত্তঃ কালপাশেন যোজিতঃ॥৬১॥
কিং করোমি ক্ব গচ্ছামি কিং গৃহ্লামি ত্যজামি কিং।
ইতিকর্ত্তব্যতামূঢ়ঃ কৃচ্ছ্রাদ্দেহাত্ত্যজত্যসূন্॥ ৬২ ॥
যাতনাদেহসম্বন্ধো যমদূতৈরধিষ্ঠিতঃ।
ইতো গত্বানুভবতি যা যাস্তা যমযাতনাঃ।
তাসু যল্লভতে দুঃখং তদ্বক্তুং সহতে কুতঃ॥ ৬৩

নেতি। কালেন কর্ত্রা অয়ঃপাশেন করণেন তমুক্তাবস্থাপন্নমাত্মানং পরিতঃ সর্ব্বতঃ কৃষ্যমাণমীক্ষতে ইদং মহতোবিবেকস্য ফলং কিমু বক্তব্যং তদা ভগবচ্চিন্তনং ॥ ৫৯ ॥ হিক্কয়েতি। প্রাণবায়ুগতি-মান্দ্যং হিক্কা তস্য গতিপ্রাচুর্য্যং শ্বাসস্তেন চ পরায়ণং রক্ষকঃ ॥ ৬০ ॥ সংসার এব যন্ত্রং ভ্রমচ্চক্রং তদারূঢ়ো যমদূতৈরধিষ্ঠিত আক্রান্তঃ সন্। অতঃ পরং ক্ব যাস্যামীতি দুঃখার্ত্তঃ। কালপাশেন যোজিতঃ বদ্ধঃ॥ ৬১ ॥ কিং করোমীতি। কিং করোমীত্যাদিকং কিঞ্চিৎকালং চিন্তয়িত্বা তত ইতি কর্ত্তব্যতায়াং মূঢ়ঃ সন্ কষ্টা-দ্দেহাদসূন্ প্রাণান্ ত্যজতি ॥ ৬২ ॥ ততঃ কিমিত্যত আহ

আকৃষ্যমাণ হইয়া চতুর্দ্দিকে নিরীক্ষণ করিতে থাকে। ৫৯। মৃত্যুকালে হিক্কা পীড়ন করিতে থাকে, শ্বাসদ্বারা কণ্ঠ শুষ্ক হইয়া যায়, এবং মৃত্যু ও আকর্ষণ করিতে থাকে, তখন কেহই তাহাকে রক্ষা করিতে পারে না। ৬০। এইরূপে সংসার যন্ত্রারূঢ় জীব যমদূত কর্ত্তৃক আক্রান্ত ও কাল পাশের দ্বারা সংযোজিত হইয়া দুঃখিত চিত্তে আমি কোথায় যাইব এই প্রকার চিন্তা করে। ৬১। আমি এখন কি করিব, কোথায় যাইব, কাহাকে আশ্রয় করিব,

কর্পূরচন্দনাদ্যৈস্তু লিপ্যতে সততং হি যৎ।
ভূষণৈর্ভূষ্যতে চিত্রৈঃ সুবস্ত্রৈঃ পরিবার্য্যতে ॥ ৬৪ ॥
অস্পৃশ্যং জায়তেঽপ্রেক্ষ্যং জীবত্যক্তং সদা বপুঃ।
নিষ্কাসয়ন্তি নিলয়াৎ ক্ষণং ন স্থাপয়ন্ত্যপি ॥ ৬৫ ॥
দহ্যতে চ ততঃ কাষ্ঠৈস্তদ্ভস্ম ক্রিয়তে ক্ষণাৎ।
ভক্ষ্যতে বা শৃগালেন গৃধ্রকুক্কুরবায়সৈঃ।
পুনর্ন দৃশ্যতে সোঽথ জন্মকোটিশতৈরপি ॥ ৬৬ ॥

যাতনেতি। ইতোঽস্মাল্লোকাদ্গত্বা যমলোকমিত্যধ্যাহারঃ। যাতনায়াং দেহঃ যাতনাদেহঃ তেন সম্বদ্ধঃ সন্ তাঃ প্রসিদ্ধা যমযাতনাঃ যা যা অনুভবতি তাসাং মধ্যে একস্যাং যাতনায়াং যদ্দুঃখং লভতে অনুভবতি তৎ কিমপি বক্তুং কুতঃ সহতে। একযাতনাদুঃখং বক্তুমশক্যং কিমু বক্তব্যং সর্ব্বযাতনাদুঃখমিতি ভাবঃ ॥ ৬৩ ॥ পূর্ব্বশরীরস্য পরিণামমাহ কর্পূরেতি। পরিবার্য্যতে বেষ্ট্যতে ॥ ৬৪ ॥ তদেব বপুর্জীবেন লিঙ্গশরীরেণ ত্যক্তং সৎ স্পর্শাযোগ্যং অপ্রেক্ষ্যং দর্শনাযোগ্যং চ জায়তে। জ্ঞাতয়োনিলয়াৎ গৃহান্নিষ্কাসয়ন্তি ক্ষণমপি তু ন স্থাপয়ন্তি গৃহে ॥ ৬৫ ॥ দহ্যত ইতি। সংস্কারাভাবে শৃগালেন

কি প্রকারেই বা বন্ধুগণকে পরিত্যাগ করিব এই প্রকার চিন্তা করতঃ ইতিকর্ত্তব্যতা স্থির বিষয়ে বিমুগ্ধ হইয়া অতি কষ্টে দেহ হইতে প্রাণ পরিত্যাগ করে। ৬২। অনন্তর ইহলোক হইতে যমলোকে গমন করিয়া যমদূতগণ কর্ত্তৃক আক্রান্ত ও তাদৃশ যাতনাময় দেহ দ্বারা সম্বদ্ধ হইয়া যে সমস্ত যমযাতনা অনুভব করিতে থাকে, এবং তদ্দ্বারা যে দুঃখের উপলব্ধি হয়, তাহা বর্ণন করিতে কে সক্ষম হইবে? । ৬৩। যে দেহ সর্ব্বদা কর্পূর ও চন্দনপ্রভৃতি অনুলেপন দ্বারা অনুলিপ্ত হইত, নানাপ্রকার ভূষণে বিভূষিত হইত এবং বিচিত্র বস্ত্রদ্বারা পরিবৃত থাকিত, সেই দেহই জীব শূন্য হইয়া সকলের অস্পৃশ্য ও অদৃশ্য হইয়া থাকে এবং উহাকে জ্ঞাতিগণ তৎক্ষণাৎ

মাতা পিতা গুরুজনঃ স্বজনো মমেতি
মায়োপমে জগতি কস্য ভবেৎ প্রতিজ্ঞা।
একো যতো ব্রজতি কর্ম্মপুরঃসরোঽয়ং
বিশ্রামবৃক্ষসদৃশঃ খলু জীবলোকঃ ॥ ৬৭ ॥
সায়ং সায়ং বাসবৃক্ষং সমেতাঃ
প্রাতঃ প্রাতস্তেন তেন প্রয়ান্তি।
ত্যক্ত্বান্যোঽন্যং তঞ্চ বৃক্ষং বিহঙ্গা
যদ্বত্তদ্বজ্ জ্ঞাতয়োঽজ্ঞাতয়শ্চ ॥ ৬৮ ॥

জম্বুকেন গৃধ্রেণ কুক্কুরেণ বায়সেন বা ভক্ষ্যতে। কুক্কুরঃ সারমেয়ঃ অথ স দেহঃ পুনর্ন দৃশ্যতে ॥ ৬৬ ॥ মাতেতি। মায়োপমে ঐন্দ্রজালিকরচিতহস্ত্যাদিসদৃশে জগতি মম মাতেত্যাদি প্রতিজ্ঞা কস্য ভবেন্ন কস্যাপি ইত্যর্থঃ। অয়ং জীবঃ স্বকর্ম্ম পুরঃসরঃ সন্ এক এব যতোব্রজতি। নতু মাতাপিত্রাদিভিঃ সহ। তথাচানাদৌ সংসারে সর্ব্বেষাং পরস্পরং মাতৃপিতৃভাবোঽবিশিষ্টইতি ভাবঃ। জীবলোকোমনুষ্যলোকঃ বিশ্রামবৃক্ষেণ সদৃশঃ। বিশ্রাম ইত্যার্থঃ ॥৬৭॥ বৃক্ষসাম্যং বিবৃণোতি সায়ং সায়মিতি। তেন তেন পথেতি শেষঃ।

গৃহ হইতে নিষ্কাসিত করে, ক্ষণ কাল ও তথায় স্থাপিত করে না। ৬৪—৬৫। অনন্তর ক্ষণকাল মধ্যেই ঐ দেহ কাষ্ঠাগ্নি দ্বারা ভস্মীভূত করিয়া ফেলে, এবং যে দেহের দাহক্রিয়া হয় না, তাহাকে শৃগাল, গৃধ্র, কুকুর বা বায়সগণ ভক্ষণ করিয়া থাকে। শতকোটি জন্ম অতীত হইলেও আর সেই দেহ দৃষ্টিগোচর হয় না। ৬৬। ইন্দ্রজাল সদৃশ এই জগতে আমার মাতা, আমার পিতা, আমার গুরুজন, আমার বন্ধুগণ এই প্রতিজ্ঞা স্থায়িনী হয় না, কারণ মৃত্যুর পরে স্বীয় কর্ম্ম সহায় করিয়াই জীব গমন করে, তখন মাতা পিত্রাদি কেহই সঙ্গী হয় না। সুতরাং মনুষ্য জীবন কেবলমাত্র কএকদিনের বিশ্রাম বৃক্ষ স্বরূপ। ৬৭। যেমন প্রতিদিন সায়ংকালে পতঙ্গগণ সম্মিলিত

মৃতিবীজং ভবেজ্জন্ম জন্মবীজং ভবেন্মৃতিঃ।
ঘটযন্ত্রবদশ্রান্তো বংভ্রমীত্যনিশং নরঃ॥ ৬৯॥
গর্ভে পুংসঃ শুক্রপাতাদ্যদুক্তং মরণাবধি।
তদেতস্য মহাব্যাধের্মত্তো নান্যোঽস্তি ভেষজম্॥৭০॥

ইতি শ্রীপদ্মপুরাণে উত্তরখণ্ডে শিবগীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শিবরাঘব সংবাদে অষ্টমোঽধ্যায়ঃ॥ ৮॥

তদ্বৎ স্ব স্বকর্ম্মানুরোধেন কঞ্চিৎ কালমেকত্র স্থিত্বা যথাযথং প্রয়াস্তীতি ভাবঃ॥ ৬৮॥ মৃতিবীজমিতি। বংভ্রমীতি পুনঃ পুনর্ভ্রাম্যতি। যণ্ লুকিরূপঃ॥৬৯॥ শুক্রপাতাদারভ্য মরণাবধি যদুক্তং স চাসাবেষ চেতি কর্ম্মধারয়ঃ। তস্যৈতস্যেত্যর্থঃ। মহাব্যাধের্ভেষজং মত্তোঽন্যঃ পদার্থোনাস্তি ভেষজশব্দো নিত্যং নপুংসকঃ॥ ৭০॥

ইতি শিবগীতা-টীকায়াং অষ্টমোঽধ্যায়ঃ॥

হইয়া একটী বৃক্ষ আশ্রয় করিয়া থাকে, অনন্তর প্রতিদিন প্রাতঃকালে সেই বৃক্ষকে পরিত্যাগ পূর্ব্বক স্ব স্ব স্থানে চলিয়া যায়, এই প্রকার বন্ধুগণ ও অন্যান্য ব্যক্তিগণ সকলেই স্ব স্ব কর্ম্মানুরোধে কিছু কাল একত্র থাকিয়া যথাযথ স্থানে গমন করে। ৬৮। জন্মই মৃত্যুর কারণ, আবার মৃত্যুই জন্মের কারণ। অর্থাৎ জন্ম হইলেই মৃত্যু এবং মৃত্যু হইলেই আবার জন্ম ইহা নিশ্চিত বিষয়। কুম্ভকারের চক্র যেমন নিরন্তরই ভ্রমণ করিতে থাকে, সেই প্রকার মানব ও এই সংসারে পুনঃপুনঃ ভ্রমণ করিতেছে। ৬৯। গর্ভে শুক্রপাত হইতে অর্থাৎ উৎপত্তি হইতে আরম্ভ করিয়া মরণ পর্য্যন্ত পুরুষের যে মহাব্যাধির বিষয় বর্ণিত হইল, তাহার ঔষধ আমি (মহেশ্বর) ব্যতীত আর কিছুই নাই, অর্থাৎ সংসার-ব্যাধির পরিত্রাতা আমি ভিন্ন আর দ্বিতীয় নাই। ৭০।

ইতি শিবগীতায় অষ্টম অধ্যায় সমাপ্ত।

নবমোঽধ্যায়ঃ।

শ্রীভগবানুবাচ।

দেহস্বরূপং বক্ষ্যামি শৃণুষ্বাবহিতো নৃপ।।
মত্তো হি জায়তে বিশ্বং ময়ৈবৈতৎ প্রপাল্যতে।
ময্যেবেদমধিষ্ঠানে লীয়তে শুক্তিরৌপ্যবৎ ॥ ১ ॥

অষ্টমাধ্যায়োপক্রমে পাঞ্চভৌতিকদেহস্য চোৎপত্তির্বিলয়ঃ স্থিতিঃ। স্বরূপঞ্চ কথ মিতি রামেণ পৃষ্টং তত্রোৎপত্তিস্থিতিবিলয়া নিরূপিতাঃ। স্বরূপন্ত ইহ প্রাধান্যেন নিরূপ্যত ইতি প্রতিজানীতে দেহস্বরূপমিতি। অবহিতঃ সমাহিতমনাঃ শৃণুষ্ব শৃণু ইত্যর্থঃ। তত্রাদৌ শরীরস্য বিশ্বান্তঃপাতিত্বাৎ বিশ্বোৎপত্তিলয়া মধ্যধিষ্ঠান-এবেতি প্রতিপাদয়তি মত্ত ইতি। মদ্বিষয়কং যদজ্ঞানং তৎ-কার্য্যং বিশ্বং মদ্বিষয়কজ্ঞানেন বিলীয়তে। শুক্ত্যবচ্ছিন্নচৈতন্য-বিষয়কজ্ঞানকার্য্যং রজতং যথা শুক্তিসাক্ষাৎকারাৎ বিলীয়তে তদ্বৎ ॥ ১ ॥ ন চৈতাবতা মম বিকারিত্ব মিত্যাহ অহমিতি।

শ্রীভগবান্ বলিলেন,—হে রাজন্! এই ক্ষণ দেহস্বরূপ বলিতেছি, অবহিত হইয়া শ্রবণ কর। যেমন অজ্ঞান বশতঃ শুক্তিতে রজত জ্ঞান হয়, আবার জ্ঞানোদয় হইলে শুক্তিতেই উহার বিলয় হইয়া যায়, সেই প্রকার অজ্ঞান বশতঃ আমা হইতেই বিশ্বের সৃষ্টি, আমাদ্বারাই পালন হইয়া থাকে, আবার জ্ঞানোদয় হইলে আমাতেই উহা বিলীন হইয়া যায় ॥ ১ ॥ কিন্তু আমি

অহন্তু নির্ম্মলঃ পূর্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।
অসঙ্গো নিরহঙ্কারঃ শুদ্ধং ব্রহ্ম সনাতনং ॥ ২ ॥
অনাদ্যবিদ্যাযুক্তঃ সন্ জগৎকারণতাং ব্রজে ॥ ৩ ॥
অনির্ব্বাচ্যা মহাবিদ্যা ত্রিগুণা পরিণামিনী।
রজঃ সত্ত্বস্তমশ্চেতি তদ্‌গুণাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ৪ ॥

অহন্তু নির্ম্মলোঽবিদ্যারহিতঃ পূর্ণস্ত্রিবিধপরিচ্ছেদরহিতঃ সচ্চিদানন্দস্বরূপঃ। অসঙ্গঃ অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ। নিরহঙ্কারঃ কর্ত্তৃত্বাদ্যহঙ্কাররহিতঃ শুদ্ধং ব্রহ্ম সনাতনং ॥ ২ ॥ এবম্বিধোঽপ্যহং অনাদ্যবিদ্যয়া যুক্তঃ সন্ জগৎকারণতাং ব্রজে ব্রজামি প্রোপ্নোমীতি যাবৎ। কারণত্বং নাম কর্ত্তৃত্বং। জন্মাদ্যস্য যত ইতি সূত্রে তথা প্রতিপাদনাৎ। ন চ কর্ত্তা কুলালাদিঃ কার্য্যেষু ঘটাদিষ্বন্বেতি তথা ব্রহ্মণোঽপি কার্য্যান্বয়োন স্যাৎ। তথাত্বে তত্তু সমন্বয়াদিত্যধিকরণবিরোধঃ প্রসজ্যেতেতি বাচ্যং। সোঽকাময়ত ইতি নিমিত্তত্বং বহু স্যামিতি উপাদানত্বঞ্চ ব্রহ্মণঃ প্রতিপাদিত মাকরে। তথা চাভিন্ননিমিত্তোপাদানং ব্রহ্মেতি সিদ্ধান্তঃ। অবিদ্যয়া ব্রহ্মণশ্চ সম্বন্ধোঽপ্যাবিদ্যকোঽনির্ব্বচনীয় এব। তথাচ প্রপঞ্চো ব্রহ্মাপেক্ষয়া বিবর্ত্তঃ মায়াপেক্ষয়া পরিণাম ইতি সিদ্ধান্তঃ। ৩ ॥ অনির্ব্বাচ্যেতি। উপাদানসমসত্তাকান্যথাভাবত্বং পরিণামত্বং বিয়দাদীনামবিদ্যাপরিণামিত্বাৎ। স পরিণামোঽস্যা অস্তীতি পরিণামিনী। অনির্ব্বাচ্যা সতীতি নির্ব্বক্তুমশক্যা জ্ঞানবাধ্যত্বাৎ।

নির্ম্মল, পূর্ণ, সচ্চিদানন্দমূর্ত্তি, অসঙ্গ, নিরহঙ্কার, শুদ্ধ, নিত্য ব্রহ্ম স্বরূপ হইয়া ও অনাদি অবিদ্যা সংযোগে জগতের কর্ত্তৃত্বভাগী হইয়া থাকি ॥২—৩॥ আমার

সত্ত্বং শুক্লং সমাদিষ্টং সুখজ্ঞানাস্পদং নৃণাং।
দুঃখাস্পদং রক্তবর্ণং চঞ্চলঞ্চ রজো মতম্॥ ৫॥
তমঃ কৃষ্ণং জড়ং প্রোক্তমুদাসীনং সুখাদিষু॥ ৬॥
অতো মম সমাযোগাচ্ছক্তিঃ সা ত্রিগুণাত্মিকা।
অধিষ্ঠানে চ মষ্যেব ভজতে বিশ্বরূপতাম্।
শুক্তৌ রজতবদ্রজ্জৌ ভুজঙ্গো যদ্বদেব তু॥ ৭॥

অসতীত্যপি নির্ব্বক্তুমশক্যা জগদ্রূপেণ প্রতীয়মানত্বাৎ। অতএব সদসদ্বিলক্ষণা। তদুক্তং ভাগবতে। ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি। তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ। ইতি। পুনঃ কীদৃশী ত্রিগুণা। তানেব গুণানাহ রজ ইতি। মহাবিশ্বেত্যনেন মূলাজ্ঞানমেব জগদুপাদানং নতু মূলজ্ঞানং শুক্তিজ্ঞানেন রজতাভাসনিবৃত্তৌ একজীবাজ্ঞাননিবৃত্তৌ বা সকলপ্রপঞ্চনিবৃত্ত্যাপত্তেঃ॥ ৪॥ গুণানাং প্রত্যেকং কার্য্যং দর্শয়তি সত্ত্বমিতি। নৃণাং সুখাকারজ্ঞানাকারবৃত্ত্যোঃ কারণং সত্ত্বং। রজশ্চঞ্চলং রক্তবর্ণং দুঃখাস্পদং দুঃখকারণং॥ ৫॥ তমঃ কৃষ্ণবর্ণং জড়ং উদাসীনং সুখাদিষু সুখাদিজননাসমর্থমিত্যর্থঃ। তে চ গুণাঃ পরস্পরাভিভবাত্মকাঃ। রজস্তমশ্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত!। রজঃসত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজস্তথা। ইতি শ্রুতেঃ॥ ৬॥ অত ইতি। যতঃ কারণাৎ স্বতোঽসঙ্গোদাসীনস্য সদা স্বানন্দপূর্ণজ্ঞা-

---

সত্ত্ব, রজ ও তমোগুণময়ী অনির্ব্বচনীয়া পরিণামিনী মহাবিদ্যা শক্তি আছে॥৪॥ সত্ত্বগুণ শুক্লবর্ণ, সুখ ও জ্ঞানের কারণ, রজোগুণ দুঃখাস্পদ, রক্তবর্ণ, ও চঞ্চলস্বভাব, এবং তমোগুণ কৃষ্ণবর্ণ, জড় ও সুখাদির অনুৎপাদক॥ ৫—৬॥ আমি

আকাশাদীনি জায়ন্তে মত্তো ভূতানি মায়য়া।
তৈরারব্ধমিদং সর্ব্বং দেহোঽয়ং পাঞ্চভৌতিকঃ ॥ ৮ ॥

